NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী

এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ
একদিন
Website : www.ekdinnews.com
http://youtube.com/@dailyekdin2165
Epaper : ekdin-epaper.com
দেখুন
শেয়ার এবং সাবস্ক্রাইব করুন

রবি সাহিত্য সংস্কৃতি নবপ্রবেশ
সোম স্বাস্থ্য বীমা আরোগ্য
মঙ্গল শিক্ষা প্রযুক্তি চাকরি ভাবীকাল
বুধ ভ্রমণের টুকিটাকি পর্যটক
বৃহস্পতি খেলার জগৎ গ্যালারি
শুক্র সিনেমা অনুষঙ্গ বায়োস্কোপ
শনি অর্ধেক আকাশ চিত্রাঙ্গদা

৩ ইএসআই পরিষেবায় প্রযুক্তি, পরিকাঠামো নিয়ে সল্টলেকে

ববির সংস্থায় হানা বিজেপি সরকারের গড়া কমিশনের ৩

কলকাতা ৪ সেপ্টেম্বর ২০২৬ ১৭ ভাদ্র ১৪৩৩ শুক্রবার বিংশ বর্ষ ৮৫ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 04.09.2026, Vol.20, Issue No. 85, 8 Pages, Price 3.00

## উত্তম উৎসবে শতবর্ষের শ্রদ্ধার্ঘ্য

**নিজস্ব প্রতিবেদন:** মহানায়ক উত্তম কুমারের জন্মশতবর্ষ দিবসে বৃহস্পতিবার উৎসবের চিত্র টালিগঞ্জ স্টুডিও পাড়াতে। বৃহস্পতিবার মহানায়কের জন্মশতবর্ষে রাজ্য সরকারের অনুষ্ঠানের সূচনা করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। অনুষ্ঠান মঞ্চে উপস্থিত ছিলেন প্রসেনজিৎ চট্টোপাধ্যায়, জিৎ, দেব, রঞ্জিৎ মল্লিক, ঋতুপর্ণা সেনগুপ্ত-সহ টলিপাড়ার একাধিক পরিচিত মুখ। এদিনের অনুষ্ঠান থেকেই বাংলা চলচ্চিত্র শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে সরকারের ভূমিকা নিয়ে নিজের অবস্থান স্পষ্ট করে জানান মুখ্যমন্ত্রী।



বৃহস্পতিবার সকালে টালিগঞ্জে উত্তমকুমারের মূর্তিতে মাল্যদান করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। ছবি: অদিতি সাহা

### প্রধানমন্ত্রীর উত্তম-স্মরণ

**নিজস্ব প্রতিবেদন বাঙালির সেই চিরন্তন 'ম্যাটিনি আইডল'-উত্তম কুমারের জন্ম শতবর্ষে বিশেষ শ্রদ্ধার্ঘ্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর। শেষ 'মন কি বাত' অনুষ্ঠানেও মহানায়কের স্মৃতিচারণ করেন তিনি। এবার জন্ম শতবর্ষের দিন এক্স হ্যান্ডলে বাংলা ভাষায় বিশেষ পোস্ট করেন মোদী। বৃহস্পতিবার সকালে 'সপ্তপদী'র ঝলকে মহানায়ককে স্মরণ করেন প্রধানমন্ত্রী। উত্তম স্মরণে মোদীর পোস্টে উল্লেখ, 'মহানায়ক উত্তম কুমার, এক কিংবদন্তি, যাঁর কালজয়ী কাজের সঙ্গে বিভিন্ন প্রজন্মের মানুষ একাত্ম হতে পেরেছে। তাঁর জন্ম শতবার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি।**

বৃহস্পতিবার সকালে টালিগঞ্জে উত্তম কুমারের মূর্তিতে মাল্যদান করেন মুখ্যমন্ত্রী। এই অনুষ্ঠানে ছিলেন বিধায়ক পাপিয়া অধিকারী, রুদ্রনীল ঘোষ, সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী-সহ টলিপাড়ার আরও অনেকে। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহানায়কের পুত্রবধূ মহুয়া চট্টোপাধ্যায়ও। একই মঞ্চে দীর্ঘদিন পর দেখা যায় প্রসেনজিৎ, জিৎ ও দেবকে। মহানায়কের সহকর্মী অভিনেতা রঞ্জিৎ মল্লিকও ছিলেন মুখ্যমন্ত্রীর পাশে। নতুন সরকার গঠন হওয়ার পর উত্তম-স্মরণে একটি পরিবর্তনের কথাও জানান মুখ্যমন্ত্রী। এত দিন ২৪ জুলাই, মহানায়কের মৃত্যুদিনকে ঘিরে নানা অনুষ্ঠান হত। এবার থেকে তাঁর জন্মদিন, অর্থাৎ ৩ সেপ্টেম্বরকে সামনে রেখেই বড় করে স্মরণ করার সিদ্ধান্তের কথা জানান শুভেন্দু। বৃহস্পতিবার অনুষ্ঠান মঞ্চ থেকে মুখ্যমন্ত্রী বলেন, 'এবার থেকে মহানায়কের মৃত্যুদিনে নয়, তাঁর জন্মদিনে অর্থাৎ ৩ সেপ্টেম্বর মহাসমারোহে স্মরণ করা হবে তাঁকে। আর সেটাই উচিৎ। মৃত্যুদিনে কেন তাঁকে মহাসমারোহে স্মরণ করা হবে?'

রাজ্য প্রশাসনের পক্ষ থেকে বৃহস্পতিবার বিকেলে শোভাযাত্রা, কেক কাটা এবং পায়েস খাওয়ানোর মতো নানা কর্মসূচি পালন করা হয়। উত্তম কুমারের জন্মশতবর্ষ উপলক্ষে নন্দনে একটি অস্থায়ী কার্যালয়ও খোলা হয়েছে। সেখানে সাধারণ মানুষ উৎসব নিয়ে তাঁদের মতামত ও পরামর্শ জানাতে পারবেন। জন্মশতবর্ষকে কেন্দ্র করে আগামী কয়েক দিন ধরে নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। নন্দন ও রাধায় উত্তম কুমারের একাধিক ছবি দেখানো হবে। ছাব্বিশে মহানায়কের জন্মশতবর্ষকে কেন্দ্র করে টালিগঞ্জে সাধারণ মানুষের উপস্থিতিও ছিল চোখে পড়ার মতো।

## সকলকেই গাইতে হবে পূর্ণাঙ্গ 'বন্দে মাতরম'

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যের সমস্ত সরকারি সাহায্যপ্রাপ্ত স্কুলে সকল ছাত্রছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাকে পূর্ণাঙ্গ 'বন্দে মাতরম' গাইতেই হবে। তা না হলে সরকারি সাহায্য বন্ধ করে দেওয়া হবে বলেও স্পষ্ট জানিয়ে দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। বৃহস্পতিবার কলকাতায় বিদ্যা ভারতীর এক অনুষ্ঠানে বক্তৃতা দিতে গিয়ে তিনি বলেন, ''আমরা এসেই প্রার্থনায় পূর্ণাঙ্গ 'বন্দে মাতরম' বাধ্যতামূলক করেছি। প্রথমে আপত্তি ছিল। আমি বলে দিয়েছিলাম, সরকারি সাহায্য নেওয়া এবং দেওয়া; দুটোই বন্ধ হবে।''

মুখ্যমন্ত্রীর দাবি, শুধু উপস্থিত থাকাই নয়, সকলকে গানটিও গাইতে হবে। সেই জন্য শিক্ষা দপ্তরকে স্কুলের ভিডিও পাঠাতে বলা হয়েছিল। তিনি বলেন, 'দেখলাম অনেকে দাঁড়িয়ে আছে, কিন্তু ঠোঁট নড়ছে না। বলেছি, ঠোঁটও নাড়াতে হবে।' বিদ্যা ভারতীর অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শিক্ষাক্ষেত্রে মূল্যবোধ ও দেশপ্রেমের উপর জোর দেন। তাঁর বক্তব্য, ক্ষমতায় এসে চার মাসের মধ্যে রাজ্যে জাতীয় শিক্ষানীতি (এনইপি) চালু করা হয়েছে। পাশাপাশি শিক্ষাব্যবস্থায় 'সংস্কার' ফিরিয়ে আনার উপর গুরুত্ব দেওয়া হচ্ছে। পূর্ববর্তী সরকারের শিক্ষানীতির সমালোচনা করে মুখ্যমন্ত্রী দাবি করেন, পাঠ্যক্রমে ইতিহাস, ঐতিহ্য এবং জাতীয়তাবোধ উপেক্ষিত হয়েছিল। তাঁর কথায়, ''সংস্কার ছাড়া দেশকে বাঁচানো যাবে না।''

অন্যদিকে, এদিন গোলপার্ক রামকৃষ্ণ মিশনে আরএসএস-এর একটি অনুষ্ঠানে উপস্থিত হয়ে তৃণমূল আমলে বাংলার শিক্ষা ব্যবস্থার সমালোচনা করেন মুখ্যমন্ত্রী। বাংলা মাধ্যমের সিলেবাসে বেশ কিছু শধ বদল করা হয়েছিল বলেও উল্লেখ করেছেন তিনি।

## দিল্লি গিয়ে ধরনা, হুঁশিয়ারি মমতার



ছবি: সৌজন্যে ফেসবুক

**নিজস্ব প্রতিবেদন:** অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ক্যামাক স্ট্রিটের দপ্তরে বৃহস্পতিবার ভোরে হামলার ঘটনা নিয়ে সরব প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বৃহস্পতিবার বিকেলে সমাজমাধ্যমে ওই ঘটনার জন্য বিজেপিকেই দায়ী করেছেন তিনি। অভিযোগ, বিজেপি গুন্ডা পাঠিয়ে তাঁর দলের দপ্তর তছনছ করেছে। জিনিসপত্র লুট করে নিয়ে যাওয়া হয়েছে সেখান থেকে। অত্যাচার বন্ধ না-হলে আগামী দিনে দিল্লি গিয়ে ধরনায় বসার হুঁশিয়ারিও দিয়েছেন মমতা।

ক্যামাক স্ট্রিটের ঘটনাকে 'মধ্যরাতের বর্বরতা' বলে উল্লেখ করেছেন মমতা। বিকেলে ফেসবুক লাইভে মমতা বলেন, 'আমাদের দপ্তরে মধ্যরাতে গুন্ডা পাঠিয়েছে বিজেপি। কাগজপত্র, দলিল, রেকর্ড সব তছনছ করা হয়েছে। আমাদের চার জনকে ভিতরে আটকে রাখা হয়েছিল, অনেক অত্যাচার করা হয়েছে। নাকের ডগায় শেক্সপিয়র সরণি থানা। ওই থানা-সহ একাধিক থানার ভূমিকা আমরা নোট করে রাখছি। চিরকাল বিজেপি থাকবে না।'

মমতা বলেন, 'খাস কলকাতার বুকে যাঁরা মধ্যরাতে বর্বরতা চালাচ্ছে, তারা গ্রামবাংলায় কী করছে, ভাবা দরকার।' বিজেপি ক্ষমতায় আসার পর পুলিশ রক্ষক থেকে ভক্ষক হয়ে উঠেছে, অভিযোগ মমতার। তিনি জানান, যে সমস্ত অফিসার পুলিশের উর্দিকে সম্মান করে রক্ষক হিসেবে কাজ করেন, তাঁদের তিনিও শ্রদ্ধা করেন। কিন্তু সাক্ষ্যপ্রমাণ লোপাট করে, সাক্ষীকে গুলি করে কেউ কেউ 'ভক্ষক' হয়ে উঠেছেন।

## ধৃত সোমনাথ

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** অভয়া কাণ্ডে নয়া মোড়। এবার অভয়ার দেহ দ্রুত সৎকারের অভিযোগে বেঙ্গালুরু থেকে ধৃত পানিহাটির প্রাক্তন পুরপ্রধান সোমনাথ দে। প্রসঙ্গত, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নির্দেশে আরজি কর হাসপাতালে নিহত তরুণী চিকিৎসকের পিতা শেখর দেবনাথের করা নতুন অভিযোগের ভিত্তিতে তদন্তে নামে খড়দা থানার পুলিশ। অভিযোগের ভিত্তিতে খড়দা থানার পুলিশ পানিহাটির প্রাক্তন বিধায়ক নির্মল ঘোষ এবং পানিহাটি পুরসভার প্রাক্তন পুরপিতা সঞ্জীব মুখোপাধ্যায়কে গ্রেপ্তার করেছে। কিন্তু পলাতক ছিলেন প্রাক্তন পুরপ্রধান সোমনাথ দে।

## ইডির হানা

**নিজস্ব প্রতিবেদন: ঝাড়খণ্ডে বিদ্যুৎকেন্দ্র তৈরির নামে ব্যাঙ্ক থেকে নেওয়া প্রায় ২৯০ কোটি টাকার ঋণ জালিয়াতি ও আর্থিক নয়ছয়ের তদন্তে নেমে ফের শহরজুড়ে জোর কদমে অভিযানে নামল কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। বৃহস্পতিবার সকাল থেকেই কলকাতা এবং হাওড়ার মোট ১১টি বিভিন্ন ঠিকানায় একযোগে চিরুনি তল্লাশি শুরু করেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা। যে কোনও অপ্রীতিকর ঘটনা এড়াতে এবং নিরাপত্তা সুনিশ্চিত করতে ইডি আধিকারিকদের সঙ্গে ছিলেন কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা।**

## ইউসিসির খসড়া তৈরির কাজ শুরু

**নিজস্ব প্রতিবেদন:** পশ্চিমবঙ্গে অভিন্ন দেওয়ানি বিধি বা ইউসিসি চালুর প্রক্রিয়া আরও এক ধাপ এগিয়ে গেল। বিধানসভা নির্বাচনের আগে দেওয়া প্রতিশ্রুতি মেনে এ বার আইনের সম্ভাব্য কাঠামো তৈরির কাজ শুরু করল রাজ্য সরকার। বৃহস্পতিবার দিল্লির চাণক্যপুরী বঙ্গভবনে ইউসিসি নিয়ে বৈঠক করে রাজ্য সরকারের গঠিত কমিটি। এই বৈঠকে উপস্থিত ছিলেন কমিটির চেয়ারপার্সন তথা সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি রঞ্জনা দেশাই। রাজ্য প্রশাসনের একাধিক শীর্ষ আধিকারিকও এই আলোচনায় যোগ দেন। রাজ্য সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে, কমিটির সুপারিশের ভিত্তিতেই পরবর্তী সময়ে বিধানসভায় ইউসিসি বিল আনার প্রস্তুতি নেওয়া হবে। বিজেপি-শাসিত অন্য রাজ্যগুলিতে কী ধরনের আইনি কাঠামোর মাধ্যমে অভিন্ন দেওয়ানি বিধি চালু হয়েছে, তা খতিয়ে দেখবে এই কমিটি। এছাড়াও কেন্দ্রের সঙ্গে আলোচনার বিষয়টিও প্রক্রিয়ার মধ্যে রাখা হয়েছে। রাজ্যে বিয়ে, বিবাহবিচ্ছেদ, উত্তরাধিকার এবং সম্পত্তি বণ্টনের মতো ব্যক্তিগত আইন সংক্রান্ত বিষয়গুলি নিয়ে বিস্তারিত আলোচনা হতে পারে।

বিভিন্ন সম্প্রদায়ের প্রতিনিধিদের সঙ্গে অন্তত ন'টি বিষয়ে মতবিনিময়ের পরিকল্পনা আছে কমিটির। তাঁদের বক্তব্য এবং পরামর্শ খসড়া তৈরির ক্ষেত্রে কতটা জায়গা পায়, সেটিও নজরে থাকবে। তবে আদিবাসী ও জনজাতি সম্প্রদায়কে প্রস্তাবিত ইউসিসির আওতার বাইরে রাখার কথা আগেই জানিয়েছে রাজ্য সরকার।

ইউসিসি সংক্রান্ত কমিটিতে আছেন মেঘালয়ের প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়, আইএএস আধিকারিক দুষ্মন্ত নারিয়ালা, অবসরপ্রাপ্ত আইএএস শত্রুঘ্ন সিং, সংঘমিত্রা ঘোষ, নৃতত্ত্ববিদ রত্না ভটাচার্য, শিক্ষাবিদ গোপালচাঁদ মিশ্র এবং আইনজীবী ওসমান গনি মল্লিক ও নির্মাল্য ভট্টাচার্য-সহ আরও কয়েক জন। ছাব্বিশের নির্বাচনে ক্ষমতায় আসার পর মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী রাজ্যে ইউসিসি চালুর কথা জানিয়েছিলেন। তিনি বলেছিলেন, 'আমরা এ রাজ্যে ইউসিসি বিল আনব। গুজরাত, উত্তরাখণ্ড, অসমের পর। এতে সব সম্প্রদায়ের জন্য এক আইন লাগু হবে। আলাদা আলাদা ধর্মের ভিত্তিতে আলাদা কোনও আইন হবে না। শুধু আদিবাসী, জনজাতিরা এর বাইরে থাকবে।'

যদিও ইউসিসি চালুর উদ্যোগকে কেন্দ্র করে রাজ্য রাজনীতিতে বিতর্কের সম্ভাবনাও আছে। ব্যক্তিগত আইন, ধর্মীয় স্বাধীনতা এবং বিভিন্ন সম্প্রদায়ের নিজস্ব রীতিনীতি, এই বিষয়গুলির সঙ্গে প্রস্তাবিত বিধির সরাসরি যোগ থাকছে।

## তিব্বতে ফের কম্পনে ত্রাস

**কাঠমান্ডু, ৩ সেপ্টেম্বর:** নেপালে হড়পা বান বিপর্যয়ের এক সপ্তাহের মধ্যে ফের কেঁপে উঠল হিমালয়। তিব্বতে বৃহস্পতিবার অনুভূত হল জোরালো কম্পন। রিখটার স্কেলে কম্পনের মাত্রা ছিল ৫। এখনও পর্যন্ত ক্ষয়ক্ষতির পরিমাণ কিছু স্পষ্ট হয়নি। তবে নতুন করে বিপর্যয়ের আশঙ্কা তৈরি হয়েছে। জাতীয় ভূতত্ত্ব সর্বেক্ষণ জানিয়েছে, বৃহস্পতিবার বেলা ১টা ৪৬ মিনিট নাগাদ তিব্বতে ভূমিকম্প হয়েছে। কম্পনের উৎস ছিল মাটি থেকে ১৪ কিলোমিটার গভীরে। নেপালের পাশাপাশি চিনের দক্ষিণের বেশ কিছু এলাকায় কম্পন অনুভূত হয়েছে। ভারতের উত্তরাখণ্ডেও কোথাও কোথাও কম্পন অনুভূত হয়। ভূমিকম্পের উৎসস্থল থেকে ১১৬ কিলোমিটার দূরে জোশীমঠে কম্পন কিছুটা টের পাওয়া গিয়েছে। এদিকে, নেপালে এখনও ৪২১৬ জন নিখোঁজ। দেহ উদ্ধার করা হয়েছে ১২৫২টি। এখনও উদ্ধারকাজ শেষ হয়নি। দেহ শনাক্তের আগেই গণকবর দিয়ে দিতে বাধ্য হয়েছে সরকার। এই পরিস্থিতি ফের নতুন ভূমিকম্পে তাই আশঙ্কা বেড়েছে।

এদিকে এহেন পরিস্থিতিতে পশ্চিম সিকিমের বিস্তীর্ণ অঞ্চলে ব্যাপক ভূমিধস নেমেছে। যান চলাচল বন্ধ হয়ে গিয়েছে ওই এলাকায়। পর্যটকদের মধ্যেও আতঙ্ক ছড়িয়েছে। আসলে নেপালের মতো ভয়ঙ্কর হড়পা বানের অশনি সংকেত রয়েছে সিকিমেও। ভুটান পাহাড়ে দ্রুত গলছে হিমবাহ, বাড়ছে হ্রদের সংখ্যা।

## সরকারি বাসে সরাসরি নজরদারি
### কন্ট্রোল রুম চালু, কন্ডাক্টরদের বডি ক্যামেরা

**নিজস্ব প্রতিবেদন:** এবার থেকে রাজ্যে সরকারি বাসে সরাসরি নজরদারি বাড়াতে ও যাত্রী অভিযোগকে গুরুত্ব দিতে চালু করা হল ২৪ ঘণ্টার কন্ট্রোল রুম। বৃহস্পতিবার পরিবহণ দপ্তরে অনুষ্ঠিত একটি সাংবাদিক বৈঠকে পরিবহণমন্ত্রী অর্জুন সিং জানান, সরকারি বাসে যাত্রীদের অভিযোগ জানাতে ২৪ ঘণ্টার কন্ট্রোল রুম চালু করা হচ্ছে। বিভিন্ন রাষ্ট্রীয় পরিবহণ সংস্থার জন্য আলাদা ফোন নম্বরও দেওয়া হয়েছে। পাশাপাশি বাসের চালক-কন্ডাক্টরদের আচরণ এবং টিকিট না কেটে যাত্রী পরিবহণের মতো অভিযোগ ঠেকাতে বডি ক্যামেরা চালুর কথাও জানান মন্ত্রী অর্জুন সিং।

বৃহস্পতিবার এই সাংবাদিক বৈঠকে পরিবহণমন্ত্রী অর্জুন সিং জানান, উত্তরবঙ্গ, দক্ষিণবঙ্গ-সহ বিভিন্ন সরকারি পরিবহণ সংস্থার জন্য আলাদা ফোন নম্বর দেওয়া হয়েছে। যাত্রীরা বাস পরিষেবা, কন্ডাক্টরের আচরণ কিংবা অন্য কোনও সমস্যার কথা জানাতে পারবেন ওই নম্বরে। মন্ত্রী জানান, উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের জন্য ৯০৪৬২২৯০২৫ নম্বরটি চালু থাকবে। দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের জন্য দেওয়া হয়েছে ৭৬৯৯৯৯৩৯৩০ নম্বর।


পশ্চিমবঙ্গ পরিবহণ নিগম এবং কলকাতা ট্রামওয়েজ সংস্থার ক্ষেত্রেও পৃথক যোগাযোগের ব্যবস্থা রাখা হয়েছে বলে জানান মন্ত্রী। তাঁর দেওয়া তথ্য অনুযায়ী, সংশ্লিষ্ট পরিষেবার জন্য ৮৬৯৭৭৩৩৯১ এবং ৮৬৯৭৭৩৩৯২ নম্বর উল্লেখ করা হয়েছে। কলকাতা স্টেট ট্রান্সপোর্ট কর্পোরেশন-এর জন্য ০৩৩- ২২৩৬০৪৬২ এবং ০৩৩-২২৩৬০৪৬৩ নম্বর দেওয়া হয়েছে।

এ ছাড়া পশ্চিমবঙ্গের সারফেস ট্রান্সপোর্ট সংক্রান্ত অভিযোগের জন্য ৯৪৩২৫৯৭০৯৮ নম্বরটি রাখা হয়েছে।




বৃহস্পতিবার পরিবহণ দপ্তরে সাংবাদিক বৈঠক করেন পরিবহণ মন্ত্রী অর্জুন সিং। সঙ্গে ছিলেন পরিবহণ সচিব রবি ইন্দর সিং।

মন্ত্রীর বক্তব্য, বাসে কন্ডাক্টরের দুর্ব্যবহার বা পরিষেবা নিয়ে কোনও সমস্যা হলে যাত্রীরা নিয়ন্ত্রণকক্ষে অভিযোগ জানাতে পারবেন। রাস্তায় মহিলাদের দেখে অনেক ক্ষেত্রে বাস না দাঁড় করিয়ে চলে যায়, আবার সরকারি বাসে টিকিট ছাড়া যাত্রী পরিবহণ এবং টাকা নিয়ে টিকিট না দেওয়ার বিভিন্ন অভিযোগ পরিবহণ দপ্তরে আসছে, সেইসব অভিযোগ নিয়েও বৃহস্পতিবার মুখ খোলেন পরিবহণমন্ত্রী। তাঁর দাবি, এ ধরনের ঘটনায় পরিবহণ দপ্তরের রাজস্বে ক্ষতি হচ্ছে। সেই 'লিকেজ' বন্ধ করতেই এই নজরদারি বাড়ানো হবে। এরই অংশ হিসাবে চালক ও কন্ডাক্টরদের বডি ক্যামেরা দেওয়ার সিদ্ধান্ত হয়েছে বলে জানান মন্ত্রী অর্জুন সিং। তাঁর কথায়, টেন্ডার ইতিমধ্যেই সই হয়েছে এবং ৫ তারিখে তা খোলা হবে। ক্যামেরায় রেকর্ড হওয়া তথ্য কন্ট্রোল রুম ব্যবস্থার সঙ্গে যুক্ত থাকবে।



একদিন

# আমার শহর

কলকাতা ৪ সেপ্টেম্বর ২০২৬, ১৭ ভাদ্র ১৪৩৩ শুক্রবার





*উত্তমকুমারের জন্মশতবর্ষের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।* *ছবি: অদিতি সাহা*

## প্রকৃত অপরাধীকে কাঠগড়ায় দাঁড়াতেই হবে, অভয়ার বিচারে সরব শমীক

**নিজস্ব প্রতিবেদন:** 'অভয়ার বিচার নিশ্চিত করতেই হবে', 'সত্যকে চিরদিন চাপা দিয়ে রাখা যায় না', বৃহস্পতিবার এই ভাষাতেই পূর্বতন রাজ্য সরকার সহ তৃণমূল কংগ্রেসকে তীব্র ভাষাতে কটাক্ষ করলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। অভয়ার বিচার নিশ্চিত করতে পুলিশ তদন্ত এগিয়ে নিয়ে যাচ্ছে বলেও এদিন দাবি করলেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য।

বৃহস্পতিবার সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শমীক জানান, বিধানসভা নির্বাচনের আগে বিজেপি যে প্রতিশ্রুতি দিয়েছিল, সেই অনুযায়ী অভয়ার ঘটনায় ন্যায়বিচার নিশ্চিত করার লক্ষ্যে সরকার কাজ করছে। একই সঙ্গে পূর্ববর্তী তৃণমূল সরকারের আমলে তথ্য-প্রমাণ নষ্টের চেষ্টা হয়েছিল বলে অভিযোগ করেন তিনি।

শমীকের আরও দাবি, তদন্ত থামার কোনও প্রশ্ন নেই। সময়ের সঙ্গে ঘটনার প্রকৃত তথ্য সামনে আসবে এবং যারা অপরাধের সঙ্গে যুক্ত, তাঁদের আইনের মুখোমুখি হতে হবে। বৃহস্পতিবার এই ঘটনায় আগের সরকারের ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন তিনি। বৃহস্পতিবার শমীক বলেন, 'নির্বাচনের আগে আমরা বলেছিলাম, অভয়ার বিচার নিশ্চিত করার লক্ষ্যে সরকার সবরকম ব্যবস্থা করবে। সেই প্রতিশ্রুতি পূরণের দিকেই এগোচ্ছে পুলিশ।'

পূর্ববর্তী তৃণমূল সরকারের বিরুদ্ধে অভিযোগ তুলে বিজেপির রাজ্য সভাপতি বলেন, 'পূর্ববর্তী তৃণমূল সরকারের আমলে পরিকল্পিত ভাবে তথ্য-প্রমাণ নষ্ট করার চেষ্টা করা হলেও সত্যকে চিরদিন চাপা দিয়ে রাখা যায় না। তদন্ত এগোবে, প্রকৃত সত্য সামনে আসবে এবং প্রকৃত অপরাধীকে আইনের কাঠগড়ায় দাঁড়াতেই হবে।' তাঁর বক্তব্য, এই ঘটনায় ন্যায়বিচার নিশ্চিত করা রাজ্যের সাধারণ মানুষেরও দাবি। তিনি বলেন, 'অভয়ার ন্যায়বিচার শুধু একটি পরিবারের দাবি নয়, এটি পশ্চিমবঙ্গের মানুষের দাবি।'

# ডেঙ্গি রুখতে বাস ডিপো পরিদর্শন পরিবহণ মন্ত্রীর

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্যে ডেঙ্গি সংক্রমণ বাড়তে থাকায় শহরের বাস ডিপো ও হাসপাতালগুলিতে পরিচ্ছন্নতা এবং জল জমার পরিস্থিতি খতিয়ে দেখতে সরেজমিনে পরিদর্শন করলেন পরিবহণ মন্ত্রী অর্জুন সিং। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে বৈঠকের পর বৃহস্পতিবার কলকাতার বেলগাছিয়া ও মানিকতলা বাস ডিপো পরিদর্শন করেন তিনি। এরপরে তিনি যান ইএসআই হাসপাতালে। ডিপো বা হাসপাতাল চত্বরে জল জমে থাকলে তা দ্রুত সরানোর নির্দেশ দিয়েছেন মন্ত্রী।

স্বাস্থ্য দপ্তরের পরিসংখ্যান অনুযায়ী, রাজ্যে ডেঙ্গি আক্রান্তের সংখ্যা গত কয়েক সপ্তাহে দ্রুত বেড়েছে। ২২ জুলাই পর্যন্ত আক্রান্তের সংখ্যা ছিল ১,৯৪৬। ২৬ অগস্ট সেই সংখ্যা বেড়ে প্রায় ৩ হাজারে পৌঁছয়। দক্ষিণবঙ্গের পাঁচটি জেলায় সংক্রমণ বৃদ্ধির ছবিও ধরা পড়েছে। দিন দুয়েক আগে স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় জানিয়েছিলেন, ডেঙ্গিতে আক্রান্ত হয়ে রাজ্যে এখনও পর্যন্ত সাত জনের মৃত্যু হয়েছে।

ডেঙ্গির পাশাপাশি ম্যালেরিয়াও যথেষ্ট উদ্বেগ বাড়াচ্ছে প্রশাসনের। স্বাস্থ্য মন্ত্রকে পাঠানো রাজ্যের তথ্য অনুযায়ী, ৩১ জুলাই পর্যন্ত ম্যালেরিয়ায় আক্রান্তের সংখ্যা প্রায় ৫,৫০২। এর মধ্যে প্লাসমোডিয়াম ফ্যালসিফেরাম ম্যালেরিয়ায় আক্রান্ত হয়েছেন ১,০৬২ জন। মঙ্গলবার মুখ্যমন্ত্রীর বৈঠকের পরেই বৃহস্পতিবার বেলগাছিয়া ও মানিকতলা বাস ডিপোর পরিস্থিতি পরিদর্শন করেন পরিবহনমন্ত্রী। বেলগাছিয়া ও মানিকতলা বাস ডিপোয় ঘুরে দেখেন তিনি। কোথাও জল জমে রয়েছে কি না, তা



খতিয়ে দেখার পাশাপাশি ডিপোর আধিকারিকদের সঙ্গেও কথা বলেন। জল জমে থাকলে দ্রুত তা পরিষ্কার করার নির্দেশ দেন।

এর পর ইএসআই হাসপাতালে গিয়ে পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং হাসপাতালের পরিকাঠামো ঘুরে দেখেন মন্ত্রী অর্জুন সিং। বর্ষার সময়ে হাসপাতাল চত্বরে মশার বংশবিস্তার ঠেকাতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। রোগী ও তাঁদের পরিজনদের মধ্যে যাতে ডেঙ্গি সংক্রমণের আশঙ্কা না-বাড়ে, সে দিকেও নজর রাখতে হাসপাতাল কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়। ডেঙ্গি পরিস্থিতিতে শহরের সরকারি পরিবহণ পরিকাঠামো এবং স্বাস্থ্যকেন্দ্রগুলিতে জল জমা ও মশার বংশবিস্তার ঠেকানোই এখন প্রশাসনের অন্যতম প্রধান লক্ষ্য।

## ববির সংস্থায় হানা বিজেপি সরকারের গড়া কমিশনের

**নিজস্ব প্রতিবেদন:** নিউ আলিপুরে রাজ্যের প্রাক্তন মন্ত্রী ফিরহাদ হাকিমের মালিকানাধীন দু'টি সংস্থায় তল্লাশি চালাল প্রাতিষ্ঠানিক দুর্নীতি বিরোধী কমিশন। বৃহস্পতিবার দুপুরে নিউ আলিপুরের টালিগঞ্জ সার্কুলার রোডের ওই দুটি দফতরে আচমকাই হাজির হন কমিশনের সদস্যরা। যৌথ এই অভিযানে তাঁদের সঙ্গে ছিল নিউ আলিপুর থানার পুলিশবাহিনীও। সংস্থাগুলির সম্পত্তির উৎস এবং এর পেছনে কোনও বড় প্রাতিষ্ঠানিক দুর্নীতি রয়েছে কি না, তা খতিয়ে দেখছেন তদন্তকারীরা।

তদন্ত কমিশন সূত্রে খবর, এদিন দুপুরে যে দু'টি দপ্তরে অভিযান চালানো হয়, সেগুলি হল 'হাকিম পলিমেকার' এবং 'হাকিম কেমিক্যালস'। সংস্থার নিজস্ব ওয়েবসাইট সূত্রে জানা গিয়েছে, এই দু'টি সংস্থারই মালিক রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা রাজনৈতিক মহলে 'ববি' নামে পরিচিত ফিরহাদ হাকিম।

## ক্যামাক স্ট্রিটে অভিষেকের অফিসে তাণ্ডব, বিজেপি-পুলিশের বিরুদ্ধে সরব

**নিজস্ব প্রতিবেদন:** গভীর রাতে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের ক্যামাক স্ট্রিটের কার্যালয়ে ঢুকে তাণ্ডব, ভাঙচুর ও কর্মীদের মারধরের চাঞ্চল্যকর অভিযোগ উঠল। বুধবার গভীর রাতে এই ঘটনাকে কেন্দ্র করে এক লহমায় উত্তপ্ত হয়ে ওঠে তিলোত্তমার রাজনীতি। তৃণমূল সাংসদ অভিষেকের অভিযোগ, অস্ত্রশস্ত্রে সজ্জিত বিজেপির গুন্ডারাই পরিকল্পিত ভাবে এই হামলা চালিয়েছে। শুধু কার্যালয়ের আসবাবপত্র তছনছ করাই নয়, সেখানে উপস্থিত কর্মীদের মারধর করে তাঁদের মোবাইল ফোনও কেড়ে নেওয়া হয় বলে অভিযোগ। এই হামলার রেশ কাটতে না-কাটতেই ভোর সাড়ে চারটে নাগাদ নিজের 'এক্স' হ্যান্ডলে ঘটনার সিসিটিভি ফুটেজের ক্লিপিংস শেয়ার করে একযোগে বিজেপি এবং রাজ্য পুলিশের নিষ্ক্রিয়তার বিরুদ্ধে তীব্র আক্রমণ শানান ডায়মন্ড হারবারের সাংসদ।

সূত্রের খবর, বুধবার রাতে প্রতিদিনের মতোই ক্যামাক স্ট্রিটের অফিসে পাহারায় ছিলেন অভিষেকের একদল কর্মী। অভিযোগ, রাতের অন্ধকারে হঠাৎই সশস্ত্র একদল দুষ্কৃতি অফিসে জোর করে অফিসে ঢুকে পড়ে। নিরাপত্তার দায়িত্বে থাকা কর্মীদের ওপর প্রথমে চড়াও হয় তারা। একে একে কর্মীদের মোবাইল ফোন কেড়ে নিয়ে যোগাযোগ বিচ্ছিন্ন করে দেওয়া হয়, যাতে তাঁরা বাইরে কারও সাথে যোগাযোগ করতে না পারেন।

# বিদ্যা ভারতী অখিল ভারতীয় শিক্ষা সংস্থানের বার্ষিক অনুষ্ঠান

**নিজস্ব প্রতিবেদন:** কলকাতার গোলপার্কের রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অফ কালচারের মর্যাদাপূর্ণ বিবেকানন্দ হলে বিদ্যা ভারতী বিবেকানন্দ বিদ্যা বিকাশ পরিষদের বার্ষিক অনুষ্ঠান সফলভাবে অনুষ্ঠিত হয়।

বিদ্যা থেকে সংস্কৃতি, সংস্কৃতি থেকে রাষ্ট্রনির্মাণ, এই মূল দর্শনকে সামনে রেখে সংগঠনটি ঐতিহ্যবাহী মূল্যবোধ, চরিত্র গঠন, গভীর জ্ঞান এবং দেশাত্মবোধের উপর ভিত্তি করে একটি শিক্ষাব্যবস্থার প্রসারের জন্য কাজ করে চলেছে। এই বার্ষিক সমাবেশে কর্তব্যবোধ, শৃঙ্খলা এবং জাতীয় সেবার আদর্শে নিবেদিত মানুষ গড়ে তোলার সম্মিলিত লক্ষ্য আরও একবার সামনে উঠে আসে। শিক্ষা, সংস্কৃতি, সমাজ ও রাষ্ট্র;এই চারটি ক্ষেত্রকে কেন্দ্র করেই বিদ্যা ভারতীর বৃহত্তর ভাবনা।



প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তাঁর উপস্থিতি মূল্যবোধভিত্তিক শিক্ষার প্রতি রাজ্যের স্বীকৃতির বিষয়টিকে আরও গুরুত্ব দেয়। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, 'আমি বিদ্যা ভারতী অখিল ভারতীয় শিক্ষা সংস্থান এবং দেশের ও রাজ্যের আরও অনেক মানুষকে আন্তরিক কৃতজ্ঞতা জানাই, যাঁরা ধীরে ধীরে বিদ্যা ভারতীকে একটি বিশাল বটবৃক্ষে পরিণত করেছেন। আমি চাই, আগামী এক বছরের মধ্যে বিদ্যা ভারতীর বিদ্যা মন্দির বা স্কুলের সংখ্যা ১,০০০-এ পৌঁছয়। প্রতিটি শহর, প্রতিটি পঞ্চায়েত, প্রতিটি মহকুমা এবং প্রতিটি জেলা সদর এলাকায় দ্বাদশ শ্রেণি পর্যন্ত বিদ্যা মন্দিরের পরিকাঠামো-সহ স্কুল গড়ে তুলতে হবে এবং পড়ুয়াদের সমস্ত প্রয়োজনীয় সুযোগ-সুবিধা দিতে হবে।'

পশ্চিমবঙ্গ সরকার

শতবর্ষে মহানায়ক

A CENTURY OF STARDOM



## এক চিরন্তন কিংবদন্তীর প্রতি বিনম্র শ্রদ্ধার্ঘ্য

বাঙালির রূপোলি পর্দার অবিসংবাদিত সম্রাট **মহানায়ক উত্তমকুমারের** জন্মশতবর্ষে পশ্চিমবঙ্গ সরকারের সশ্রদ্ধ প্রণাম। তাঁর অসামান্য শিল্পসৃষ্টি এবং অবিস্মরণীয় কীর্তি আমাদের অমূল্য সাংস্কৃতিক সম্পদ। **মহানায়ক উত্তমকুমারের** এই স্মৃতিকে নতুন প্রজন্মের কাছে চিরভাস্বর করে রাখতে পশ্চিমবঙ্গ সরকার আয়োজন করেছে এক বর্ণাঢ্য মহোৎসব।

### বিশেষ আকর্ষণ

৪ সেপ্টেম্বর
নিউ টাউনে
উত্তমকুমার ফিল্ম সেন্টারের
ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন
মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী শুভেন্দু অধিকারী

### উত্তমকুমার ফিল্ম ফেস্টিভ্যাল

- **নন্দন-১, নন্দন-২ ও রাধা স্টুডিওতে** চলচ্চিত্র উৎসবের সূচনা (উদ্বোধনী ছবি সত্যজিৎ রায়ের **'নায়ক'**)

### বিশেষ অনুষ্ঠান (৪ - ৬ সেপ্টেম্বর, ২০২৬)

- রবীন্দ্রসদনে উত্তমকুমারের সহ অভিনেতা-অভিনেত্রী ও কলাকুশলীদের সম্মাননা জ্ঞাপন অনুষ্ঠান - **'কাছে রবে'**
- **ডাকটিকিট ও খাম প্রকাশ**
- **তথ্যচিত্র প্রদর্শন**
- **আলোচনা সভা, প্রদর্শনী**

### অনুষ্ঠানের সূচী

নন্দন ১

| তারিখ | সময়কাল | ছবি | সময়সীমা |
|---|---|---|---|
| ৪ সেপ্টেম্বর | ৪:০০ | নায়ক | ১১৭ মি |
| | ৬:৩০ | ঝিন্দের বন্দী | ১০৩ মি |
| ৫ সেপ্টেম্বর | ২:০০ | জতুগৃহ | ১৩০ মি |
| | ৪:৩০ | কলঙ্কিনী কঙ্কাবতী | ১৩০ মি |
| | ৭:০০ | বনপলাশির পদাবলী | ১৪০ মি |
| ৬ সেপ্টেম্বর | ২:০০ | হারানো সুর | ১৪৬ মি |
| | ৫:৩০ | সন্ন্যাসী রাজা | ১৩৯ মি |

নন্দন ২

| তারিখ | সময়কাল | ছবি | সময়সীমা |
|---|---|---|---|
| ৪ সেপ্টেম্বর | ৫:০০ | রক্ত তিলক | ১৫৪ মি |
| ৫ সেপ্টেম্বর | ২:৩০ | অগ্নীশ্বর | ১২২ মি |
| | ৫:০০ | এন্টনি ফিরিঙ্গী | ১৫৭ মি |
| ৬ সেপ্টেম্বর | ২:৩০ | শেষ অঙ্ক | ১৩১ মি |
| | ৫:০০ | বিচারক | ১২১ মি |

রাধা স্টুডিও

| তারিখ | সময়কাল | ছবি | সময়সীমা |
|---|---|---|---|
| ৪ সেপ্টেম্বর | ৫:০০ | দেয়া নেয়া (৩৫ এমএম) | ১০৭ মি |
| ৫ সেপ্টেম্বর | ২:৩০ | হারানো সুর (৩৫ এমএম) | ১৪৬ মি |
| | ৫:০০ | রক্ত তিলক | ১৫৪ মি |
| ৬ সেপ্টেম্বর | ২:৩০ | কলঙ্কিনী কঙ্কাবতী | ১৩০ মি |
| | ৫:০০ | নায়ক | ১১৭ মি |

**সময়সূচি পরিবর্তনসাপেক্ষ।

আয়োজনে : তথ্য ও সংস্কৃতি বিভাগ

ICA-D1348(23)/2026

সম্পাদকীয়

## সর্বনাশা রিলসের নেশা কাড়ছে প্রাণ, হুঁশ কি আদৌ ফিরবে?

সোশ্যাল মিডিয়ায় রিলস এখন প্রচলিত ট্রেন্ড। রিলস বানিয়ে রোজগার করাটা এখন ক্রমশ জনপ্রিয় হচ্ছে। প্রতিদিনই বাড়ছে এই রিলস বানানোর নেশা। আর অভিনব কায়দায় রিলস বানাতে গিয়ে ঘটছে সর্বনাশ। যাচ্ছে প্রাণও। কিন্তু হুঁশ ফিরছে না কারও। না আম জনতা, না প্রশাসন। সবাই দিবানিদ্রায়। তাই সর্বনাশা রিলস কেড়ে নিচ্ছে একের পর তাজা প্রাণ। এই তালিকায় সর্বশেষ উদাহরণ হাওড়ার রামকৃষ্ণপুর ঘাট। সম্প্রতি গঙ্গার ওই ঘাটে বিপজ্জনক ভাবে রিলস বানাতে গিয়ে গঙ্গায় তলিয়ে গেলেন শিবপুরের তরতাজা যুবক। প্রচণ্ড বৃষ্টির মধ্যে গঙ্গার একদম পাড়ে দাঁড়িয়ে রিলস বানাচ্ছিলেন তিনি। সেই সময় অসাবধানতাবশতঃ পড়ে যান এবং গঙ্গায় তলিয়ে যান হাওড়ার শিবপুরের বাসিন্দা শেখ মহম্মদ তৌহিদ আক্রম (৩০)। আশপাশের লোকজন তাঁকে উদ্ধারের চেষ্টা করার আগেই প্রচণ্ড স্রোতে তলিয়ে যান তিনি। খবর পেয়ে রিভার ট্রাফিক পুলিশ এসে ডুবুরি নামিয়ে তল্লাশি চালিয়ে তার দেহ খুঁজে পায়নি। এই সব ঘটনা প্রায় প্রতিদিনই সংবাদমাধ্যমে উঠে আসছে। কিন্তু এর থেকে কেউ কোনও শিক্ষা নিচ্ছেন কি, প্রশ্ন সেটাই। নিলে নিশ্চয় এই সব ঘটনা প্রতিদিন ঘটত না। শুধু কি রিলস, মোবাইলের আরও একটি সর্বনেশে দিক হল ফোন কানে রাস্তা বা রেললাইন পার হওয়া। এভাবেও যাচ্ছে একের পর প্রাণ।।পুলিশ, প্রশাসনের তরফে এই নিয়ে প্রতিনিয়ত প্রচার চললেও কাজ যে খুব একটা হচ্ছে না, তার প্রমাণ দিচ্ছে প্রতিদিনের সংবাদমাধ্যম। ফোন কানে লাইন পার হতে গিয়ে ট্রেনের ধাক্কায় মৃত্যু মাঝেমধ্যেই ঘটছে। কিম্তু তাও বেপরোয়া আম জনতা। এই রোগ আবার জেন জি-র মধ্যেই বেশি। কোনও কথাই তারা কানে তুলতে নারাজ। রিলসের ক্ষেত্রেও একই কথা প্রযোজ্য। জেন জি এই নেশায় এমন বুঁদ হয়ে রয়েছে যে মোবাইল কেন্দ্রীক এই মৃত্যুমিছিল ঠেকানো যাচ্ছে না। এখন প্রশ্ন হল, এর শেষ কোথায়? এক কথায় উত্তর, কেউ জানে না। এর সমাধান এখন ভাবতে হবে প্রশাসনকেই। আর সেটা যত তাড়াতাড়ি শুরু হয়, ততই ভালো। নাহলে আরও কয়েকটা প্রাণ হয়তো চলে যাবে।

### শব্দছক ২৫৯

রবি দাস

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | | ৩ | ■ | ■ | ৪ | ৫ |
| ৬ | | ■ | ৭ | | ৮ | ■ | |
| | ■ | ৯ | | ■ | ১০ | | |
| ১১ | | | | ■ | | ■ | ■ |
| ■ | ■ | | ■ | ১২ | | | ১৩ |
| ১৪ | | | ■ | ১৫ | | ■ | |
| | ■ | ১৬ | | | ■ | ১৭ | |
| ১৮ | | ■ | ■ | ১৯ | | | |

**পাশাপাশি:** ১. সির্ভি-র সাধক সাধুবাবা ৪. গ্রীষ্মের জনপ্রিয় রসাল ফল ৬. অতি দ্রুত ৭. হিন্দীতে সাম্মানিক ৯. বাহান্ন কার্ডের খেলা ১০. যোগ বিয়োগ গুণ ভাগ দিয়ে অঙ্কের কাজকর্ম ১১. পেট্রোলিয়ামজাত বস্ত্র উপকরণ ১২. মন্দ প্রকৃতির ১৪. তোতলানো ১৫. গোষ্ঠী ১৬. সুন্দরী রমণী ১৭. অকর্মা ব্যক্তি ১৮. বিছানা ১৯. মহাদেব

**ওপর-নিচ:** ১. সন্ধ্যাকাল ২. ইষ্টক ৩. অরণ্যের বুনো মহিষ ৫. মালিক ৮. হলদিয়া মহকুমার অন্তর্গত এক ঐতিহাসিক শহর ৯. রাজা বিক্রমাদিত্যের গল্পে দুই অশরীরী ১২. অপযশ ১৩. উযপন্ন শস্যের ভান্ডার ১৪. গগন ১৭. তুরগ

**সমাধান ২৫৮ — পাশাপাশি:** ১. অভিধান ৩. মাদুর ৫. কালা ৬. আনমনা ৯. গজ ১০. নকুল ১১. বিরাজ ১৩. টব ১৪. লবকুশ ১৮. রপ্ত ১৯. রাবণ ২০. ঝলক

**ওপর-নিচ:** ১. অরি ২. ধারন ৩. মালা ৪. রং ৫ কানা ৬. আজ ৭. মন্দিরা ৮. আঁকুপাঁকু ৯. জল ১৫. বকুল ১৬. শর ১৭. ঘরা

### আজকের দিন

■ **১৯৪৬** — জওহরলাল নেহরুর নেতৃত্বেভারতে অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হয়েছিল।

■ **১৯৭২** — আমেরিকান সাঁতারু মার্ক স্পিৎজ মিউনিখ অলিম্পিক গেমসে তাঁর ঐতিহাসিক সপ্তম স্বর্ণপদক জয় করেন।



### জন্মদিন



**১৯৪১** *বিশিষ্ট রাজনীতিবিদ সুশীল কুমার শিন্ডের জন্মদিন।*

**১৯৫২** *বিশিষ্ট চলচ্চিত্রাভিনেতা ঋষি কাপুরের জন্মদিন।*

**১৯৬২** *বিশিষ্ট ক্রিকেট খেলোয়াড় কিরণ মোরের জন্মদিন।*

ঋষি কাপুর

# জন্মাষ্টমী: ভগবান শ্রীকৃষ্ণের জন্মোৎসব ধর্মীয় তাৎপর্য ও বাঙালি সংস্কৃতিতে প্রভাব

বেবি চক্রবর্তী

ভারতবর্ষের ধর্মীয় ও সাংস্কৃতিক ঐতিহ্যের অন্যতম গুরুত্বপূর্ণ উৎসব হল জন্মাষ্টমী। হিন্দু ধর্মাবলম্বীদের কাছে এই দিনটি অত্যন্ত পবিত্র ও আনন্দের। ভাদ্র মাসের কৃষ্ণপক্ষের অষ্টমী তিথিতে ভগবান শ্রীকৃষ্ণের জন্মতিথি হিসেবে জন্মাষ্টমী পালিত হয়। শ্রীকৃষ্ণকে হিন্দু ধর্মে ভগবান বিষ্ণুর অষ্টম অবতার হিসেবে মান্য করা হয়। তাঁর জীবন, কর্ম, দর্শন ও শিক্ষা ভারতীয় ধর্ম, দর্শন, সাহিত্য, সংগীত, চিত্রকলা এবং লোকসংস্কৃতিতে গভীর প্রভাব ফেলেছে।

জন্মাষ্টমী শুধু একটি ধর্মীয় উৎসব নয়; এটি অন্যায়ের বিরুদ্ধে ন্যায়ের জয়, অশুভ শক্তির বিনাশ এবং ধর্ম প্রতিষ্ঠার প্রতীক। শ্রীকৃষ্ণের জন্মকাহিনির সঙ্গে জড়িয়ে রয়েছে অত্যাচারী রাজা কংসের কাহিনি, কারাগারে দেবকী ও বসুদেবের বন্দিজীবন, গোকুলে কৃষ্ণের শৈশব এবং পরবর্তীকালে তাঁর অসংখ্য লীলার স্মৃতি। তাই জন্মাষ্টমীর সঙ্গে ভক্তি, আবেগ, বিশ্বাস এবং আনন্দ;সবকিছুই একসূত্রে যুক্ত।



### শ্রীকৃষ্ণের জন্মকাহিনি

পুরাণ অনুসারে, মথুরার রাজা উগ্রসেনের পুত্র কংস ছিলেন অত্যন্ত অত্যাচারী ও নিষ্ঠুর শাসক। তিনি নিজের পিতা উগ্রসেনকে সিংহাসনচ্যুত করে মথুরার রাজা হন। কংসের বোন ছিলেন দেবকী। দেবকীর বিবাহ হয় যাদববংশীয় মহাপুরুষ বসুদেবের সঙ্গে।

বিবাহের পর দেবকী ও বসুদেবকে রথে করে নিয়ে যাওয়ার সময় আকাশবাণী হয়;দেবকীর অষ্টম সন্তান কংসের মৃত্যুর কারণ হবে। এই ভবিষ্যদ্বাণী শুনে কংস ভীত হয়ে ওঠেন। তিনি দেবকীকে হত্যা করতে উদ্যত হলে বসুদেব তাঁকে প্রতিশ্রুতি দেন যে দেবকীর প্রত্যেক সন্তানকে তিনি কংসের হাতে তুলে দেবেন।

এরপর কংস দেবকী ও বসুদেবকে কারাগারে বন্দি করেন। একে একে তাঁদের সন্তানদের জন্ম হতে থাকে এবং কংস তাঁদের হত্যা করতে থাকে। এভাবেই দেবকীর প্রথম ছয় সন্তান কংসের হাতে নিহত হয়। সপ্তম সন্তান বলরামকে যোগমায়ার প্রভাবে রোহিণীর গর্ভে স্থানান্তরিত করা হয় বলে পুরাণে বর্ণিত হয়েছে।

অবশেষে দেবকীর অষ্টম সন্তান হিসেবে শ্রীকৃষ্ণের জন্ম হয়। সেই সময় ছিল গভীর রাত। চারদিকে ছিল অন্ধকার এবং মথুরার কারাগারে ছিল কঠোর নিরাপত্তা। পুরাণের কাহিনি অনুসারে, কৃষ্ণের জন্মের সঙ্গে সঙ্গে কারাগারের দরজা খুলে যায় এবং প্রহরীরা গভীর নিদ্রায় আচ্ছন্ন হয়ে পড়ে।

বসুদেব নবজাতক কৃষ্ণকে একটি ঝুড়িতে রেখে যমুনা নদী পার হয়ে গোকুলে পৌঁছান। সেখানে নন্দ ও যশোদার ঘরে সদ্য জন্ম নেওয়া কন্যাশিশুর সঙ্গে কৃষ্ণকে বদলে দেন তিনি। এরপর কৃষ্ণকে নিয়ে বসুদেব মথুরায় ফিরে আসেন।

কংস যখন সেই কন্যাশিশুটিকে হত্যা করতে উদ্যত হন, তখন শিশুটি তাঁর হাত থেকে মুক্ত হয়ে দেবীর রূপ ধারণ করে তাঁকে সতর্ক করে দেয় যে তাঁর মৃত্যুর কারণ ইতিমধ্যেই অন্যত্র জন্ম নিয়েছে। এভাবেই কৃষ্ণের শৈশবের সূচনা হয় গোকুলে।

### কৃষ্ণের শৈশব ও বাল্যলীলা

গোকুলে নন্দ ও যশোদার স্নেহে কৃষ্ণ বড় হয়ে উঠতে থাকেন। তাঁর শৈশবের সঙ্গে জড়িয়ে রয়েছে অসংখ্য আকর্ষণীয় কাহিনি। দুষ্টুমি, হাসি, আনন্দ এবং অলৌকিক কর্মকাণ্ডে ভরা ছিল তাঁর বাল্যজীবন।

কৃষ্ণের অন্যতম জনপ্রিয় পরিচয় হল 'মাখনচোর'। গোপিনীদের ঘর থেকে মাখন চুরি করে খাওয়া এবং বন্ধুদের সঙ্গে ভাগ করে নেওয়ার গল্প আজও মানুষের মুখে মুখে ফেরে। কৃষ্ণের এই দুষ্টুমির মধ্যেও ভক্তরা গভীর আধ্যাত্মিক অর্থ খুঁজে পান। তাঁদের কাছে কৃষ্ণের মাখনচুরি আসলে ভক্তের হৃদয় চুরির প্রতীক।

কৃষ্ণের বাঁশির সুরও ভারতীয় সংস্কৃতিতে বিশেষ স্থান অধিকার করে আছে। তাঁর বাঁশির সুরে গোপী, গোপাল এবং বৃন্দাবনের মানুষ মুগ্ধ হয়ে যেতেন বলে পুরাণ ও বৈষ্ণব সাহিত্যে বর্ণিত হয়েছে। রাধা-কৃষ্ণের প্রেমকাহিনি পরবর্তীকালে বৈষ্ণব ভাবধারায় ভক্তি ও আত্মসমর্পণের অন্যতম প্রতীক হয়ে ওঠে।

শৈশবেই কৃষ্ণ নানা অসুরের বিনাশ করেন বলে পুরাণে উল্লেখ আছে। পুতনা, তৃণাবর্ত, বকাসুর, অঘাসুর প্রমুখ অসুরের সঙ্গে তাঁর সংঘর্ষের কাহিনি কৃষ্ণের অলৌকিক শক্তির পরিচয় বহন করে।

### কংসবধ ও ধর্ম প্রতিষ্ঠা

কৃষ্ণ বড় হওয়ার পর তাঁর জীবনের গুরুত্বপূর্ণ অধ্যায় শুরু হয়। কংস বিভিন্ন উপায়ে কৃষ্ণকে হত্যা করার চেষ্টা করলেও শেষ পর্যন্ত সফল হননি। পরবর্তীকালে কৃষ্ণ মথুরায় ফিরে এসে কংসের সঙ্গে যুদ্ধ করেন এবং তাঁকে পরাজিত ও বধ করেন।

কংসের মৃত্যুর মধ্য দিয়ে মথুরাবাসী অত্যাচার থেকে মুক্তি লাভ করে। এই ঘটনাটি জন্মাষ্টমীর তাৎপর্যকে আরও গভীর করে। কৃষ্ণের জন্ম কেবল একজন দেবতার জন্ম নয়; এটি অত্যাচার ও অন্যায়ের বিরুদ্ধে ন্যায়ের আবির্ভাবের প্রতীক।

হিন্দু ধর্মীয় দর্শনে এই ধারণাটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। যখন পৃথিবীতে অধর্মের প্রভাব বৃদ্ধি পায় এবং ন্যায় ও সত্য বিপন্ন হয়, তখন ঈশ্বর বিভিন্ন রূপে আবির্ভূত হয়ে ধর্মের প্রতিষ্ঠা করেন;শ্রীকৃষ্ণের জীবন সেই বিশ্বাসের অন্যতম প্রধান উদাহরণ।

### ভগবদ্গীতা ও শ্রীকৃষ্ণের দর্শন

শ্রীকৃষ্ণের গুরুত্ব শুধু তাঁর পৌরাণিক জীবনকাহিনির মধ্যে সীমাবদ্ধ নয়। তাঁর দর্শন ভারতীয় চিন্তাধারাকে গভীরভাবে প্রভাবিত করেছে। মহাভারতের কুরুক্ষেত্রের যুদ্ধক্ষেত্রে অর্জুন যখন আত্মীয়স্বজন ও প্রিয়জনদের বিরুদ্ধে যুদ্ধ করার বিষয়ে দ্বিধাগ্রস্ত হয়ে পড়েন, তখন কৃষ্ণ তাঁকে যে উপদেশ দেন, তা 'ভগবদ্গীতা' নামে পরিচিত।

ভগবদ্গীতায় কর্ম, জ্ঞান, ভক্তি, আত্মা, কর্তব্য এবং জীবনের উদ্দেশ্য সম্পর্কে বিস্তৃত আলোচনা রয়েছে। কৃষ্ণ অর্জুনকে নিজের কর্তব্য পালন করতে বলেন এবং কর্মের ফলের প্রতি অতিরিক্ত আসক্ত না হওয়ার শিক্ষা দেন।

কৃষ্ণের অন্যতম গুরুত্বপূর্ণ শিক্ষা হল;মানুষের কর্তব্য থেকে পলায়ন নয়, বরং সৎভাবে নিজের দায়িত্ব পালন করা। জীবনে সাফল্য বা ব্যর্থতা আসতেই পারে, কিন্তু ন্যায় ও কর্তব্যের পথ থেকে বিচ্যুত হওয়া উচিত নয়।

এই শিক্ষা আজও মানুষের জীবনে প্রাসঙ্গিক। কর্মজীবন, পরিবার, সমাজ কিংবা ব্যক্তিগত সংকট;সব ক্ষেত্রেই কৃষ্ণের উপদেশ মানুষকে আত্মবিশ্বাস, সংযম এবং নৈতিকতার শিক্ষা দেয়।

### জন্মাষ্টমীর ধর্মীয় তাৎপর্য

জন্মাষ্টমী মূলত ভক্তি ও ঈশ্বরস্মরণের উৎসব। ভক্তরা বিশ্বাস করেন, এই দিনে শ্রীকৃষ্ণের জন্মতিথি স্মরণ করলে জীবনে শান্তি ও পুণ্য লাভ হয়। অনেক মানুষ এই দিনে উপবাস পালন করেন। কেউ সম্পূর্ণ নির্জলা উপবাস করেন, আবার কেউ ফল, দুধ বা নির্দিষ্ট সাত্ত্বিক খাদ্য গ্রহণ করে উপবাস পালন করেন।

জন্মাষ্টমীর বিশেষ আকর্ষণ হল মধ্যরাতের পূজা। বিশ্বাস অনুযায়ী, কৃষ্ণের জন্ম হয়েছিল মধ্যরাতে। তাই অনেক মন্দিরে রাত বারোটার সময় কৃষ্ণের জন্মমুহূর্ত উদ্‌যাপন করা হয়। শঙ্খধ্বনি, ঘণ্টাধ্বনি, কীর্তন এবং 'হরে কৃষ্ণ' নামসংকীর্তনের মধ্য দিয়ে ভক্তরা কৃষ্ণের জন্মকে স্বাগত জানান।

কৃষ্ণের মূর্তিকে দুধ, দই, মধু, ঘি ও জল দিয়ে স্নান করানো হয়। এই আচারকে অনেক ক্ষেত্রে অভিষেক বলা হয়। এরপর তাঁকে নতুন পোশাক, অলংকার এবং ফুল দিয়ে সাজানো হয়।

### জন্মাষ্টমীর উপবাস

জন্মাষ্টমীর একটি গুরুত্বপূর্ণ রীতি হল উপবাস। ভক্তরা শরীর ও মনকে সংযত রেখে ঈশ্বরের আরাধনায় নিজেদের নিয়োজিত করেন। উপবাসের মূল উদ্দেশ্য কেবল খাবার না খাওয়া নয়; আত্মসংযম, মনঃসংযোগ এবং আধ্যাত্মিক সাধনাও এর গুরুত্বপূর্ণ অংশ।

অনেক পরিবারে এই দিনে নিরামিষ খাবার রান্না করা হয়। ফল, দুধ, দই, মাখন, ক্ষীর, সন্দেশসহ নানা ধরনের প্রসাদ তৈরি করা হয়। কৃষ্ণের প্রিয় খাদ্য হিসেবে মাখন, দুধ ও দইয়ের বিশেষ গুরুত্ব রয়েছে।

### মন্দিরে জন্মাষ্টমী উদ্‌যাপন

ভারতের বিভিন্ন প্রান্তে জন্মাষ্টমী অত্যন্ত উৎসাহের সঙ্গে পালন করা হয়। মন্দিরগুলোতে বিশেষ সাজসজ্জা করা হয়। কৃষ্ণের জন্মস্থান হিসেবে পরিচিত মথুরা ও বৃন্দাবনে এই উৎসব বিশেষ জাঁকজমকের সঙ্গে পালিত হয়।

মন্দিরে সারাদিন ধরে ভজন, কীর্তন, ধর্মীয় আলোচনা ও শাস্ত্রপাঠ অনুষ্ঠিত হয়। ভক্তরা কৃষ্ণের বিভিন্ন রূপের মূর্তি দর্শন করেন। অনেক জায়গায় কৃষ্ণের জীবনের বিভিন্ন ঘটনা নিয়ে ঝাঁকি বা দৃশ্য প্রদর্শন করা হয়।

শিশুদের কৃষ্ণের পোশাকে সাজানোর রীতিও অত্যন্ত জনপ্রিয়। ছোট ছেলেদের অনেক সময় কৃষ্ণের মতো সাজিয়ে হাতে বাঁশি দেওয়া হয় এবং মাথায় ময়ূরের পালক পরানো হয়। মেয়েদের রাধার পোশাকে সাজানো হয়। এতে উৎসবের আনন্দ আরও বেড়ে যায়।

### দহি-হান্ডি ও জন্মাষ্টমী

মহারাষ্ট্রসহ ভারতের বিভিন্ন অঞ্চলে জন্মাষ্টমীর সঙ্গে 'দহি-হান্ডি' উৎসবের বিশেষ সম্পর্ক রয়েছে। কৃষ্ণের মাখন ও দই চুরির শৈশবকাহিনিকে কেন্দ্র করে এই অনুষ্ঠান গড়ে উঠেছে।

দহি-হান্ডিতে একটি উঁচু স্থানে দই বা মাখনভর্তি হাঁড়ি ঝোলানো হয়। তরুণরা দলবদ্ধ হয়ে মানবপিরামিড তৈরি করে সেই হাঁড়ি ভাঙার চেষ্টা করেন। সফল হলে চারদিকে আনন্দ ও উল্লাস শুরু হয়।

বর্তমানে দহি-হান্ডি অনেক জায়গায় বড় সামাজিক অনুষ্ঠানে পরিণত হয়েছে। বিভিন্ন দল এতে অংশ নেয় এবং দর্শকদের মধ্যে উৎসাহ সৃষ্টি হয়। তবে এই ধরনের অনুষ্ঠানে নিরাপত্তার বিষয়টিও অত্যন্ত গুরুত্বপূর্ণ।

বাংলায় জন্মাষ্টমীর উৎসবের সঙ্গে বৈষ্ণব সংস্কৃতির গভীর সম্পর্ক রয়েছে। নবদ্বীপ, মায়াপুর এবং বাংলার বিভিন্ন বৈষ্ণব মঠ ও মন্দিরে জন্মাষ্টমী বিশেষভাবে পালিত হয়।

বাংলার বৈষ্ণব পদাবলি, কীর্তন ও কৃষ্ণভক্তিমূলক সাহিত্যে শ্রীকৃষ্ণের প্রেম, লীলা ও ভক্তির নানা দিক তুলে ধরা হয়েছে। শ্রীচৈতন্যদেবের প্রচারিত গৌড়ীয় বৈষ্ণবধারা বাংলায় কৃষ্ণভক্তির প্রসারে বিশেষ ভূমিকা পালন করেছে।

জন্মাষ্টমীর দিনে অনেক বাড়িতে কৃষ্ণের ছোট মূর্তি বা ছবি সাজানো হয়। ফুল, আলপনা, প্রদীপ ও বিভিন্ন সাজসজ্জার মাধ্যমে পূজার স্থান সুন্দর করে তোলা হয়। অনেক পরিবারে মধ্যরাতে কৃষ্ণের জন্মের পর পূজা ও প্রসাদ বিতরণ করা হয়।

### কৃষ্ণ ও রাধার সাংস্কৃতিক প্রভাব

রাধা-কৃষ্ণের প্রেম ভারতীয় শিল্প ও সাহিত্যের এক অমর বিষয়। তাঁদের সম্পর্ককে শুধু পার্থিব প্রেম হিসেবে দেখা হয় না; বৈষ্ণব দর্শনে এটি ভক্ত ও ঈশ্বরের সম্পর্কের প্রতীক হিসেবেও ব্যাখ্যা করা হয়।

বাংলার পদাবলি কীর্তন থেকে শুরু করে বিভিন্ন লোকগান, কবিতা, চিত্রকলা ও নাটকে রাধা-কৃষ্ণের প্রেমের নানা রূপ ফুটে উঠেছে। কৃষ্ণের বাঁশি, বৃন্দাবনের কদমগাছ, যমুনার তীর এবং গোপীদের সঙ্গে রাসলীলা;এসব চিত্র ভারতীয় সাংস্কৃতিক কল্পনার গুরুত্বপূর্ণ অংশ হয়ে উঠেছে।

জন্মাষ্টমীর সময় এই সাংস্কৃতিক ঐতিহ্য আরও প্রাণবন্ত হয়ে ওঠে। মন্দিরে কীর্তন, বাড়িতে ভজন এবং বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে কৃষ্ণের জীবন ও দর্শন মানুষের কাছে তুলে ধরা হয়।

### শিশুদের কাছে জন্মাষ্টমীর গুরুত্ব

শিশুদের জন্য জন্মাষ্টমী আনন্দের একটি বিশেষ উৎসব। কৃষ্ণের দুষ্টুমি, মাখনচুরি, গোপালরূপ এবং বাঁশির গল্প শিশুদের সহজেই আকৃষ্ট করে। অনেক স্কুলে জন্মাষ্টমী উপলক্ষে কৃষ্ণ-রাধা সাজ প্রতিযোগিতা, ছবি আঁকা, আবৃত্তি, নাটক ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এর মাধ্যমে শিশুরা শুধু একটি ধর্মীয় উৎসব সম্পর্কে জানতে পারে না; ভারতীয় পুরাণ, সংস্কৃতি ও ঐতিহ্যের সঙ্গেও পরিচিত হয়।

তবে শিশুদের কাছে জন্মাষ্টমীর শিক্ষা যেন শুধু সাজসজ্জা বা আনন্দের মধ্যে সীমাবদ্ধ না থাকে, সেদিকেও নজর দেওয়া দরকার। কৃষ্ণের জীবনের নৈতিক শিক্ষা;সত্য, সাহস, বন্ধুত্ব, কর্তব্যবোধ, ন্যায় এবং মানুষের প্রতি ভালোবাসা;শিশুদের মধ্যে তুলে ধরা যেতে পারে।

### জন্মাষ্টমীর সামাজিক গুরুত্ব

যেকোনো ধর্মীয় উৎসবের মতো জন্মাষ্টমীও সামাজিক সম্প্রীতি বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। মন্দির ও বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠানে এই উপলক্ষে প্রসাদ বিতরণ, দরিদ্র মানুষের মধ্যে খাদ্য ও পোশাক বিতরণ, ধর্মীয় আলোচনা এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

উৎসব মানুষের মধ্যে পারস্পরিক যোগাযোগ বাড়ায়। পরিবার ও আত্মীয়স্বজন একত্রিত হন, প্রতিবেশীদের সঙ্গে আনন্দ ভাগ করে নেন। এই সামাজিক বন্ধন মানুষের জীবনে ইতিবাচক প্রভাব ফেলে।

আধুনিক সময়ে জন্মাষ্টমীর মতো উৎসবকে মানবিকতার সঙ্গে যুক্ত করা আরও গুরুত্বপূর্ণ। কৃষ্ণের শিক্ষা যদি মানুষের মধ্যে সহমর্মিতা, ন্যায়বোধ ও পরস্পরের প্রতি শ্রদ্ধা বাড়াতে পারে, তবে উৎসবের প্রকৃত তাৎপর্য আরও গভীর হয়ে ওঠে।

### পরিবেশবান্ধব জন্মাষ্টমী

বর্তমানে উৎসব পালনের ক্ষেত্রে পরিবেশের বিষয়টিও গুরুত্ব পাচ্ছে। অতিরিক্ত প্লাস্টিকের ব্যবহার, শব্দদূষণ, অপচয় এবং অপরিকল্পিত সাজসজ্জা পরিবেশের ক্ষতি করতে পারে।

তাই জন্মাষ্টমীতে পরিবেশবান্ধব উপকরণ ব্যবহার করা যেতে পারে। ফুল, মাটি, কাপড়, কাগজ এবং পুনর্ব্যবহারযোগ্য সামগ্রী দিয়ে সাজসজ্জা করা যায়। প্লাস্টিকের পরিবর্তে পরিবেশবান্ধব পাত্র ব্যবহার করা যেতে পারে।

এছাড়া প্রসাদ বা খাবারের অপচয় না করে প্রয়োজনীয় পরিমাণে রান্না করা এবং অতিরিক্ত খাবার দরিদ্র মানুষের মধ্যে বিতরণ করা যেতে পারে। এতে ধর্মীয় উৎসবের সঙ্গে সামাজিক দায়িত্বও যুক্ত হয়।

### জন্মাষ্টমী আমাদের কী শিক্ষা দেয়?

শ্রীকৃষ্ণের জীবন ও দর্শন থেকে বহু শিক্ষা পাওয়া যায়। প্রথমত, অন্যায়ের বিরুদ্ধে দাঁড়ানোর সাহস থাকতে হবে। কংসের মতো অত্যাচারী শক্তির বিরুদ্ধে কৃষ্ণের সংগ্রাম ন্যায়ের প্রতীক।

দ্বিতীয়ত, জীবনে নিজের কর্তব্য পালন করা জরুরি। ভগবদ্গীতায় কৃষ্ণ কর্মের গুরুত্বের কথা বলেছেন। মানুষের উচিত নিজের দায়িত্ব সৎভাবে পালন করা এবং ফলাফল নিয়ে অতিরিক্ত উদ্বিগ্ন না হওয়া।

তৃতীয়ত, জীবনে ভারসাম্য প্রয়োজন। কৃষ্ণ ছিলেন একদিকে যোদ্ধা ও কূটনীতিক, অন্যদিকে ছিলেন বাঁশিবাদক, বন্ধু ও প্রেমের প্রতীক। তাঁর চরিত্রে জীবনের নানা দিকের সমন্বয় দেখা যায়।

চতুর্থত, ভক্তি ও আত্মসমর্পণের শিক্ষা কৃষ্ণভক্তির অন্যতম গুরুত্বপূর্ণ দিক। মানুষের অহংকার কমিয়ে সত্য ও ন্যায়ের পথে এগিয়ে যাওয়ার অনুপ্রেরণা তাঁর দর্শনে পাওয়া যায়।

### আধুনিক সমাজে জন্মাষ্টমীর প্রাসঙ্গিকতা

আজকের পৃথিবী প্রযুক্তিগতভাবে অনেক উন্নত হলেও মানুষের জীবনে উদ্বেগ, প্রতিযোগিতা, মানসিক চাপ ও অনিশ্চয়তা বেড়েছে। এই পরিস্থিতিতে কৃষ্ণের দর্শন নতুনভাবে প্রাসঙ্গিক হয়ে উঠতে পারে।

কৃষ্ণের কর্মযোগ মানুষকে শেখায় যে নিজের কাজকে নিষ্ঠার সঙ্গে করতে হবে। জীবনের প্রতিটি ক্ষেত্রে সাফল্য পাওয়া সম্ভব নয়; কিন্তু সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করা মানুষের নিজের হাতে।

তাঁর শিক্ষা মানুষকে মানসিক স্থিরতার কথাও মনে করিয়ে দেয়। সুখ-দুঃখ, লাভ-ক্ষতি, জয়-পরাজয়ের মধ্যে ভারসাম্য বজায় রাখার চেষ্টা করা উচিত।

এছাড়া কৃষ্ণের জীবন আমাদের মনে করিয়ে দেয় যে অন্যায়ের সামনে নীরব থাকা সবসময় সমাধান নয়। ন্যায় প্রতিষ্ঠার জন্য প্রয়োজন হলে সাহসের সঙ্গে প্রতিবাদ করতে হয়।

জন্মাষ্টমী শুধু শ্রীকৃষ্ণের জন্মদিন উদ্‌যাপনের একটি ধর্মীয় অনুষ্ঠান নয়; এটি ভারতীয় সভ্যতা, সংস্কৃতি ও দর্শনের একটি গুরুত্বপূর্ণ অংশ। কৃষ্ণের জন্মকাহিনি আমাদের অন্যায়ের বিরুদ্ধে ন্যায়ের সংগ্রামের কথা মনে করিয়ে দেয়। তাঁর বাল্যলীলা আমাদের আনন্দ, সরলতা ও ভালোবাসার কথা শেখায়। আর ভগবদ্গীতার শিক্ষা আমাদের কর্তব্য, কর্ম, আত্মসংযম ও নৈতিকতার পথে চলার অনুপ্রেরণা দেয়।

জন্মাষ্টমীর মধ্যরাতের ঘণ্টাধ্বনি, শঙ্খধ্বনি, কীর্তন, ভজন এবং 'হরে কৃষ্ণ' নামসংকীর্তনের মধ্যে তাই শুধু একটি ধর্মীয় আচার নয়, একটি গভীর সাংস্কৃতিক স্মৃতিও জড়িয়ে আছে। গোকুলের ছোট্ট গোপাল থেকে কুরুক্ষেত্রের সারথি; শ্রীকৃষ্ণের জীবন ভারতীয় মানুষের কল্পনা ও বিশ্বাসে বহুকাল ধরে জীবন্ত।

বর্তমান প্রজন্মের কাছে জন্মাষ্টমীর গুরুত্ব তখনই আরও বৃদ্ধি পাবে, যখন উৎসবের বাহ্যিক আনন্দের পাশাপাশি কৃষ্ণের নৈতিক ও মানবিক শিক্ষাগুলিও আমরা জীবনে প্রয়োগ করতে পারব। সত্য, ন্যায়, কর্তব্য, ভালোবাসা, সাহস ও আত্মসংযম;এই মূল্যবোধগুলোই জন্মাষ্টমীর সবচেয়ে বড় শিক্ষা।

তাই জন্মাষ্টমী আসলে শুধু একটি তিথি নয়; এটি মানুষের অন্তরে ন্যায় ও শুভবোধের জন্মেরও প্রতীক। অন্ধকারের মধ্যে যেমন কৃষ্ণের আবির্ভাবের কাহিনি নতুন আলোর বার্তা বহন করে, তেমনই আমাদের জীবনেও অন্যায়, হতাশা ও অস্থিরতার অন্ধকার দূর করে সত্য, শান্তি ও মানবিকতার আলো জ্বালানোর অনুপ্রেরণা দেয় জন্মাষ্টমী।

### মননের আলো

*অধ্যাপক স্বপন কুমার মণ্ডল*

ভালোবাসা শুধু অন্ধ করে না, চোখও খুলে দেয়। অপছন্দের মানুষকেও ভালোবাসলে তার গুণগুলো চোখে পড়ে, দোষগুলো গুরুত্ব হারায়। বাস না করলে ভালোটা বোঝা যায় না। ভালোতে বাসই তো ভালোবাসা।

### কোট-আনকোট



কে হামলা করেছে সেটা দেখতে হবে। যতবারই ভাঙচুর হয়েছে, ডিম মারা হয়েছে তখন দেখা গিয়েছে, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের লোকজনই করেছে। নিজেদের লোকজনকেই সামলাতে পারে না। তা না হলে আপনাদের বিভিন্ন দল হয়! ঋতব্রত তৃণমূল, এই তৃণমূল, অভিষেকের তৃণমূল, কতগুলো তৃণমূল?

*অগ্নিমিত্রা পল, মন্ত্রী, পশ্চিমবঙ্গ*

### লেখা পাঠান

সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই Unicode-এ টাইপ করে পাঠাতে হবে।

email : dailyekdin1@gmail.com

# টানা বৃষ্টি ও জলাধারের জলে ঘাটালে ভয়াবহ বন্যা পরিস্থিতি

**নিজস্ব প্রতিবেদন, পশ্চিম মেদিনীপুর:** নিম্নচাপের জেরে টানা বৃষ্টির পাশাপাশি জলাধার থেকে জল ছাড়ায় শিলাবতী নদীর জলস্তর বেড়েছে। নদীর জলে প্লাবিত ঘাটাল শহর ও সংলগ্ন গ্রামীণ এলাকার নিচু অংশ। জলমগ্ন হয়েছে সমস্ত রাজ্য সড়ক ও চাষের জমি। যাতায়াতের একমাত্র ভরসা বলতে শুধু নৌকা। টানা বৃষ্টি ও জলাধার থেকে জল ছাড়ার জেরে ঘাটালে এই ভয়াবহ বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। ফুলেফেঁপে উঠেছে ঘাটালের নদীগুলি। নদী উপচে জল ঢুকতে শুরু করেছে ঘাটাল পুরসভা-সহ বিস্তীর্ণ গ্রামীণ নিচু



এলাকায়। রাজ্য সড়ক জলের তলায় চলে যাওয়ায় বিচ্ছিন্ন হয়েছে যোগাযোগ ব্যবস্থা। যাতায়াতের একমাত্র ভরসা এখন ডিঙি ও নৌকা।

নিম্নচাপের অবিশ্রান্ত বৃষ্টি এবং বিভিন্ন জলাধার থেকে ছাড়া জলের সাঁড়াশি চাপে কার্যত বেহাল পরিস্থিতি ঘাটাল মহকুমার। নদীর জলস্তর দ্রুত বাড়তে থাকায় প্লাবিত ঘাটাল শহর এবং বিস্তীর্ণ গ্রামীণ এলাকা। ডুবে গিয়েছে বিঘার পর বিঘা চাষের জমি, নষ্ট হচ্ছে ফসল। ঘাটাল পুরসভার একাধিক ওয়ার্ড জলমগ্ন। ইতিমধ্যেই ঘাটাল পৌরসভার ১ থেকে ১০ নম্বর ওয়ার্ডের বিভিন্ন এলাকায় জল ঢুকেছে। ঘাটাল পৌরসভার ২ নম্বর ওয়ার্ডের আড়গোড়া এলাকায় রাজ্য সড়ক প্লাবিত হয়েছে। ওই এলাকায় রাজ্য সড়কের ওপর দিয়ে কোমর সমান জল বইছে। ফলে বন্ধ হয়েছে যান চলাচল। যোগাযোগ ব্যবস্থা পুরোপুরি ভেঙে পড়ায় স্থানীয় বাসিন্দারা জীবনের ঝুঁকি নিয়ে ডিঙি ও নৌকোয় যাতায়াত করতে বাধ্য হচ্ছেন। একই ছবি ঘাটালের গ্রামীণ এলাকাতেও। অজবনগর ১ ও ২ গ্রাম পঞ্চায়েতের নিচু এলাকাগুলি জলের তলায় চলে গিয়েছে। বাড়িঘরে জল ঢুকে যাওয়ায় চরম দুর্ভোগে পড়েছেন সাধারণ মানুষ। পরিস্থিতি ক্রমশ জটিল হওয়ায় ত্রাণ ও উদ্ধারের আশায় দিন গুণছেন জলবন্দি বাসিন্দারা। বন্যা পরিস্থিতির ওপর নজর রেখেছে প্রশাসন।

## ডিভিসি জল ছাড়ায় প্লাবন-আতঙ্ক খানাকুলে



বেলা বাড়ার সঙ্গে সঙ্গে বেশ কিছু নিচু এলাকায় জল প্রবেশ করায় উদ্বেগ আরও বেড়েছে। বিধায়ক সুশান্ত ঘোষ বলেন, 'পরিস্থিতির দিকে আমরা প্রতি মুহূর্তে নজর রাখছি। ডিভিসি থেকে জল ছাড়ার পরিমাণ বাড়ায় নদীর জলস্তর দ্রুত বাড়ছে। প্রশাসনের সঙ্গে সমন্বয় করে নিচু এলাকার মানুষের নিরাপত্তাকে সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হচ্ছে। কোথাও যাতে মানুষ বিপদে না পড়েন, তার জন্য আগাম সতর্কতা ও প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে।' তিনি আরও বলেন, 'ফেরিঘাট এবং নদীপথে বিশেষ নজরদারি রাখা হয়েছে। নৌকায় যাতায়াতের সময় প্রত্যেককে লাইফ জ্যাকেট ব্যবহার করতে হবে। পর্যাপ্ত নৌকা ও বোট প্রস্তুত রাখা হচ্ছে। প্রয়োজন হলে ঝুঁকিপূর্ণ এলাকা থেকে মানুষকে নিরাপদ জায়গায় সরিয়ে নেওয়ার ব্যবস্থাও করা হবে।'

**নিজস্ব প্রতিবেদন, আরামবাগ:** নিম্নচাপের প্রভাবে দক্ষিণবঙ্গজুড়ে টানা বৃষ্টি। তার উপর ঝাড়খণ্ডে অতিবৃষ্টির জেরে ডিভিসি থেকে জল ছাড়ার পরিমাণ বাড়ানোয় নতুন করে বন্যার আশঙ্কা তৈরি হয়েছে আরামবাগ মহকুমাজুড়ে। ক্রমশ বাড়ছে দ্বারকেশ্বর, দামোদর, মুণ্ডেশ্বরী, রূপনারায়ণ-সহ একাধিক নদীর জলস্তর বাড়ছে। ইতিমধ্যেই খানাকুলের বিস্তীর্ণ নিচু এলাকায় জল ঢুকতে শুরু করায় আতঙ্ক ছড়িয়েছে সাধারণ মানুষের মধ্যে। পরিস্থিতির গুরুত্ব বুঝে রাত থেকেই প্রশাসনের পক্ষ থেকে বিভিন্ন এলাকায় মাইকিং করে বাসিন্দাদের সতর্ক করা হচ্ছে। নদী ও ফেরিঘাটগুলিতে বাড়ানো হয়েছে নজরদারি। নদীপথে যাতায়াতের ক্ষেত্রে লাইফ জ্যাকেট ব্যবহার বাধ্যতামূলক করা হয়েছে। পাশাপাশি পর্যাপ্ত নৌকা ও বোট প্রস্তুত রাখা হয়েছে বলে প্রশাসন সূত্রে খবর। খানাকুলের পরিস্থিতি সরেজমিনে দেখতে নদীপথে বিভিন্ন এলাকা পরিদর্শন করছেন খানাকুলের বিধায়ক সুশান্ত ঘোষ। পানশিউলি, মাড়োখানা, সুন্দরপুর, শশাপোতা, নতিবপুর, গণেশপুর, চিংড়া, রঞ্জিতবাটি, জয়রামপুর, জগৎপুর-সহ একাধিক এলাকায় বন্যার আশঙ্কা তৈরি হয়েছে। নেওয়ার ব্যবস্থাও করা হবে।' প্রশাসন সূত্রে জানা গিয়েছে, নদীর জলস্তর আরও বাড়লে খানাকুলের বিস্তীর্ণ নিচু এলাকা প্লাবিত হওয়ার সম্ভাবনা রয়েছে। সেই কারণে ইতিমধ্যেই সম্ভাব্য বিপজ্জনক এলাকাগুলিতে সতর্কতামূলক প্রচার শুরু হয়েছে।

## ১৯ দিনেও ভরাট হল না ২০ ফুটের 'মৃত্যুফাঁদ'!

### রঘুনাথচকে পথ অবরোধ

**নিজস্ব প্রতিবেদন, পশ্চিম বর্ধমান:** ২০ ফুট গভীর ধস, কেটে গিয়েছে ১৯ দিন। তবু গর্ত ভরাটে প্রশাসনের কোনও তৎপরতা নেই! মৃত্যুর আতঙ্ক মাথায় নিয়ে দিন কাটাতে বাধ্য হচ্ছেন রানিগঞ্জের বল্লভপুর গ্রাম পঞ্চায়েতের রঘুনাথচক দুর্যাদপাড়ার বাসিন্দারা। ক্ষোভে বৃহস্পতিবার মেদিনীপুর রোড অবরোধ করে বিক্ষোভে নামেন গ্রামবাসীরা। স্থানীয়দের অভিযোগ, প্রায় ১০০ বর্গফুট এলাকা জুড়ে তৈরি হয়েছে এই বিপজ্জনক ধস। ওই এলাকায় ব্রিটিশ আমলের পুরনো খনি থাকায় অবৈজ্ঞানিকভাবে কয়লা তোলার পর বালি ভরাট না করাতেই বারবার ধস নামছে বলে দাবি তাঁদের। এর আগেও ২০২৩ সালে ষষ্ঠীতলায় একই ধরনের ধসের ঘটনা ঘটেছিল। আরও উদ্বেগের বিষয়, ধসস্থল থেকে ঢিল ছোড়া দূরত্বে রয়েছে ঘন জনবসতি, আইসিডিএস কেন্দ্র ও স্কুল। ফলে যে কোনও মুহূর্তে বড়সড় বিপদের আশঙ্কায় আতঙ্কিত বাসিন্দারা। ঘটনার পর পুলিশ ব্যারিকেড করলেও ১৯ দিনেও গর্ত ভরাটে কোনও উদ্যোগ নেওয়া হয়নি বলে অভিযোগ। প্রশাসনকে জানিয়েও কাজ না হওয়ায় এদিন প্রায় আধঘণ্টা মেদিনীপুর রোড অবরোধ করেন তাঁরা। গ্রামবাসীদের প্রশ্ন, 'আর কতদিন মৃত্যুকে সামনে নিয়ে বাঁচব?' পুলিশের আশ্বাসে অবরোধ উঠলেও দ্রুত বালি ভরাট করে এলাকা সুরক্ষিত না করলে বৃহত্তর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছেন গ্রামবাসীরা।

## দ্বীপাঞ্চলে নিরাপদ আশ্রয়ে সরানো হল ২৫ প্রসূতিকে

**নিজস্ব প্রতিবেদন, জয়পুর:** যত সময় যাচ্ছে হাওড়ায় বন্যা পরিস্থিতি তৈরি হচ্ছে। ডিভিসি থেকে প্রচুর পরিমাণে জল ছাড়ায় ইতিমধ্যেই হাওড়ার উদয়নারায়ণপুর এলাকায় বন্যা পরিস্থিতি তৈরি হয়েছে এবং হাওড়ার দ্বীপাঞ্চল আমতা দু'নম্বর ব্লকের ঘোড়াবেড়িয়া-চিৎনান ও ভাঁটোরা গ্রাম পঞ্চায়েত দুটিতে মুণ্ডেশ্বরী নদীর জল ঢুকতে শুরু করেছে। আমতা দু'নম্বর ব্লক প্রশাসন সূত্রে জানানো হয়েছে, সমস্তরকম ব্যবস্থা মোতায়েন রাখা হয়েছে। কাঁচা বাড়ি রয়েছে এমন প্রায় ৩০টি পরিবারকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে পাশাপাশি ২৫জন প্রসূতিকে নিরাপদ স্থানে সরিয়ে নেওয়া হয়েছে এবং তাদের দেখভালের জন্য আশা কর্মীরা মোতায়েন রয়েছেন। অন্যদিকে বৃহস্পতিবার বিকেলে উদয়নারায়ণপুরে বন্যা পরিস্থিতি দেখতে আসেন হাওড়া জেলাশাসক ডাঃ পি দীপাপ প্রিয়া। সঙ্গে ছিলেন হাওড়া গ্রামীণ জেলা পুলিশ সুপার অমিত ভার্মা। উদয়নারায়ণপুরের কয়েকটি পয়েন্ট ঘুরে বাঁধের পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখেন তিনি। প্রয়োজনীয় ব্যবস্থা নির্দেশ দেন। তবে অহেতুক আতঙ্ক ছড়ানোর কথাও জানান তিনি।

## দুর্গাপুরে পচা খাবারের কারবারে কড়া কোপ

**নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর:** পচা খাবার থেকে অনুমোদনহীন ফুড কালার একাধিক দোকানে জরিমানা, বাজেয়াপ্ত সামগ্রী। শহরের হোটেল-রেস্তোরাঁয় খাবারের মান ও স্বাস্থ্যবিধি নিয়ে ফের কড়া পদক্ষেপ প্রশাসনের। বৃহস্পতিবার দুপুর থেকেই দুর্গাপুরের একাধিক এলাকায় কার্যত চিরুনি তল্লাশি চালাল খাদ্য সুরক্ষা দপ্তর। চন্ডিদাস, প্রান্তিকা, পাঁচমাথা মোড়, বেনাচিতি-সহ বিভিন্ন এলাকায় হোটেল, রেস্তোরাঁ ও খাবারের দোকানে অভিযান চালিয়ে সামনে এল একাধিক অনিয়ম। কোথাও ফুড লাইসেন্স নেই, কোথাও আবার মিলল পচা খাদ্যসামগ্রী। অভিযানে বেশ কয়েকটি দোকানকে জরিমানা করার পাশাপাশি বাজেয়াপ্ত করা হয় পচা খাবার এবং অনুমোদনহীন ফুড কালার। খাদ্যসামগ্রীর গুণমান থেকে শুরু করে সংরক্ষণ পদ্ধতি, রান্নাঘরের স্বাস্থ্যবিধি এবং বৈধ ফুড লাইসেন্স সবকিছুই খুঁটিয়ে দেখেন খাদ্য সুরক্ষা দপ্তরের আধিকারিকরা। অভিযানে তাঁদের সঙ্গে ছিলেন দুর্গাপুর থানার পুলিশ এবং দুর্গাপুর নগর নিগমের আধিকারিকরা। অভিযান চলাকালীন একাধিক দোকানে খাদ্য সুরক্ষা সংক্রান্ত নিয়ম না মানার অভিযোগ সামনে আসে। বিশেষ করে ফুড লাইসেন্স না থাকা এবং খাদ্যসামগ্রী সঠিকভাবে সংরক্ষণ না করার বিষয়টি নজরে আসে আধিকারিকদের। নিয়মভঙ্গের অভিযোগে সংশ্লিষ্ট দোকানগুলির বিরুদ্ধে জরিমানা করা হয়। শুধু জরিমানাতেই থেমে থাকেনি প্রশাসন। বিভিন্ন হোটেল ও রেস্তোরাঁ থেকে পচা খাদ্যসামগ্রী এবং অনুমোদনহীন ফুড কালার উদ্ধার করে বাজেয়াপ্ত করা হয়। ফলে অভিযানের পর শহরের খাবারের দোকানগুলিতে নতুন করে তৈরি হয়েছে চাপা আতঙ্ক। শহরবাসীর স্বাস্থ্যের সঙ্গে কোনওরকম আপস করা হবে না এই বার্তাই এদিনের অভিযানের মাধ্যমে স্পষ্ট করে দিল প্রশাসন। খাদ্যসামগ্রীর গুণমান ও স্বাস্থ্যবিধি নিশ্চিত করতে আগামী দিনেও শহরের বিভিন্ন প্রান্তে এ ধরনের অভিযান চলবে বলে জানা গিয়েছে।

## সাংসদ কল্যাণের বিরুদ্ধে অভিযোগ দায়ের তাঁরই প্রাক্তন জামাইয়ের

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের প্রাক্তন জামাই কবীরশঙ্কর বোসের দাবি, ২০২০ সালে ডিসেম্বর মাসে তাঁর উপরে হামলা হয়েছিল, কল্যাণ বন্দ্যোপাধ্যায় তা করিয়েছিলেন। তৃণমূল সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে শ্রীরামপুর থানায় অভিযোগ দায়ের করলেন বিজেপি নেতা তথা কল্যাণেরই প্রাক্তন জামাই কবীরশঙ্কর বোস। প্রায় ২০০ জন তৃণমূল কর্মী তাঁর বাড়ি ঘিরে রেখেছিলেন সে দিন। তাঁর গাড়িও ভাঙচুর করা হয়। কবীরের দাবি, সেই সময় তিনি পুলিশে অভিযোগ জানিয়েছিলেন। কিন্তু কোনও লাভ হয়নি। উল্টে তাঁর বিরুদ্ধেই অভিযোগ দায়ের করে তদন্ত শুরু করে পুলিশ। সেই মামলায় সুপ্রিম কোর্টের নির্দেশে সিবিআই তদন্ত করে তাঁকে নির্দোষ বলে জানিয়ে দেয়। বৃহস্পতিবার শ্রীরামপুর থানায় কল্যাণ-সহ তৃণমূল কাউন্সিলার পাপ্পু সিং (তিনি এখন ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের তৃণমূল শিবিরের হুগলি সাংগঠনিক জেলা সভাপতি), রিষড়া পুরসভার চেয়ারম্যান বিজয় সাগর মিশ্র, ভাইস চেয়ারম্যান জাহিদ হাসান খানের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। তার তদন্তে নেমে আকাশ পাত্র নামে এক তৃণমূল কর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ।

## কালুপুর গ্রাম পঞ্চায়েতের দখল নিল গেরুয়া বাহিনী

**নিজস্ব প্রতিবেদন, বনগাঁ:** কালুপুর গ্রাম পঞ্চায়েতের দখল নিল বিজেপি। প্রধান হিসেবে দায়িত্ব নিলেন সৌমেন সরকার। তাঁর লক্ষ্য কালুপুর পঞ্চায়েতকে মডেল পঞ্চায়েত গড়ার। রাজ্যে সরকার পরিবর্তনের পর উত্তর ২৪ পরগনার বনগাঁ দক্ষিণ বিধানসভার কালুপুর গ্রাম পঞ্চায়েতের দখল নিল ভারতীয় জনতা পার্টি। ২৯ আসন বিশিষ্ট এই গ্রাম পঞ্চায়েতে ১৪ সদস্যের সমর্থন নিয়ে পঞ্চায়েতের বোর্ড গড়ল তারা। ২০২৩ সালের পঞ্চায়েত নির্বাচনে ১৮ টি আসন পায় তৃণমূল এবং ১১ টি আসনে জয়লাভ করে বিজেপি। সরকার পরিবর্তনের পর তৃণমূলের ১৮ জন সদস্যের মধ্যে ৪ জন বিজেপির আনা অনাস্থা প্রস্তাবে স্বাক্ষর করে এবং তৃণমূলের পঞ্চায়েত প্রধান পদত্যাগ করেন। বৃহস্পতিবার তৃণমূলের ৩ জন পঞ্চায়েত সদস্যের সমর্থনে এবং নিজেদের ১১ জন সদস্যের সমর্থনে মোট ১৪ সদস্যের সমর্থন নিয়ে পঞ্চায়েত গড়ল ভারতীয় জনতা পার্টি। কালুপুর পঞ্চায়েতকে বনগাঁ ব্লকের মধ্যে মডেল পঞ্চায়েত হিসেবে গড়ে তোলাই মূল লক্ষ্য বলে জানালেন সদ্য প্রধান হিসেবে দায়িত্ব নেওয়া সৌমেন সরকার। বিজেপি পঞ্চায়েত গড়তেই বনগাঁ দক্ষিণ কেন্দ্রের বিজেপি বিধায়ক স্বপন মজুমদার গ্রাম পঞ্চায়েতে পৌঁছে নতুন প্রধানকে মালা পরিয়ে স্বাগত জানান। বিধায়ক জানিয়েছেন, 'কালুপুর গ্রাম পঞ্চায়েতের সার্বিক উন্নয়ন আমাদের লক্ষ্য।'

## দুর্গাপুর ব্যারেজের ছাড়া জলে প্লাবনের আশঙ্কা

**নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর:** ঝাড়খণ্ড ও পশ্চিমবঙ্গে টানা বৃষ্টির জেরে ফের বাড়ছে দামোদর নদে জলস্তর। পরিস্থিতির দিকে নজর রেখে পাঞ্চেত ও মাইথন জলাধার থেকে দফায় দফায় জল ছাড়া হচ্ছে। সেই জল এসে পৌঁছাচ্ছে দুর্গাপুর ব্যারেজে। বৃহস্পতিবার সকাল নটা পর্যন্ত দুর্গাপুর ব্যারেজ থেকে প্রতি সেকেন্ডে ১ লক্ষ ৩৮ হাজার ৫২৫ কিউসেক হারে জল ছাড়া হচ্ছে বলে সেচ দপ্তর সূত্রে খবর। বৃষ্টির পরিমাণ আরও বাড়লে ব্যারেজ থেকে জল ছাড়ার পরিমাণও বাড়ানো হতে পারে। জল ছাড়ার পরিমাণ উল্লেখযোগ্য ভাবে বাড়লে নিম্ন দামোদর এলাকার বিভিন্ন অংশে জল ঢোকার আশঙ্কা রয়েছে। ফলে সম্ভাব্য প্লাবন পরিস্থিতি নিয়ে ইতিমধ্যেই উদ্বেগ তৈরি হয়েছে। পরিস্থিতির উপর নজর রাখছে সেচ দপ্তর।

## মেদিনীপুরে 'জাতীয় এসসি-এসটি বিজনেস মিট'

**নিজস্ব প্রতিবেদন, মেদিনীপুর:** পশ্চিমবঙ্গের প্রান্তিক ও পিছিয়ে পড়া সম্প্রদায়ের নবীন উদ্যোগপতিদের ব্যবসায়িক ক্ষেত্রে এগিয়ে নিয়ে যেতে বৃহস্পতিবার মেদিনীপুরে অনুষ্ঠিত হলো 'জাতীয় এসসি-এসটি বিজনেস মিট'। ভারত সরকারের উদ্যোগে ও বেঙ্গল চেম্বার অফ ট্রেড অ্যান্ড ইন্ডাস্ট্রির যৌথ সহযোগিতায় বৃহস্পতিবার মেদিনীপুরের শহীদ ক্ষুদিরাম পরিকল্পনা ভবনে এই বিশেষ ব্যবসায়িক সম্মেলনের আয়োজন করা হয়। জেলার আদিবাসী, তফসিলি জাতি ও উপজাতি সম্প্রদায়ের নতুন ও সম্ভাবনাময় উদ্যোগকারীদের কাছে এই বিজনেস মিট হয়ে ওঠে এক বলিষ্ঠ, তথ্যসমৃদ্ধ ও অনুপ্রেরণাদায়ক মঞ্চ। সম্মেলনে ব্যবসা শুরু করা থেকে শুরু করে ব্যবসার প্রসার, সরকারি সুযোগ-সুবিধা, ঋণ, লাইসেন্স, কর ব্যবস্থা এবং বিভিন্ন সরকারি প্রকল্প সম্পর্কে সরাসরি বিশেষজ্ঞ ও আধিকারিকদের কাছ থেকে প্রয়োজনীয় পরামর্শ পাওয়ার সুযোগ পান উপস্থিত ব্যবসায়ী ও উদ্যোগপতিরা। অনুষ্ঠানে উপস্থিত এনএসআইসি লিমিটেডের জোনাল জেনারেল ম্যানেজার ড. অনুপম গায়েন-সহ বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার আধিকারিকরা তাদের বক্তব্যে উদ্যোগপতিদের ব্যবসায়িক ক্ষেত্রে বিদ্যমান সুযোগ ও সম্ভাবনার বিভিন্ন দিক তুলে ধরেন। বিজনেস মিটের অন্যতম গুরুত্বপূর্ণ আকর্ষণ ছিল ব্যবসায়ীদের বিভিন্ন প্রশাসনিক ও ব্যবসায়িক বিষয়ে সরাসরি পরামর্শ প্রদান। জেলার ব্যবসায়ী ও নবীন উদ্যোগপতিদের জিএসটি, ট্রেড লাইসেন্স, ট্রেডমার্ক, ব্যাংক লোন-সহ সরকারি বিভিন্ন স্কিম বিষয়ে প্রয়োজনীয় তথ্য ও পরামর্শ দেওয়া হয়।



ব্যবসা শুরু করতে গিয়ে নতুন উদ্যোগপতিদের যে সমস্ত প্রশাসনিক জটিলতা ও তথ্যের অভাবের মুখোমুখি হতে হয়, সেগুলির কিভাবে সহজে মোকাবিলা করা যায়, সেই বিষয়েও উপস্থিত আধিকারিকরা বিস্তারিত আলোচনা করেন। সরকারি বিভিন্ন প্রকল্পের সুবিধা কীভাবে পাওয়া যাবে এবং ব্যবসার প্রয়োজন অনুযায়ী ঋণ ও অন্যান্য আর্থিক সহায়তার জন্য কীভাবে আবেদন করতে হবে, সে বিষয়েও উদ্যোগপতিদের সচেতন করা হয়। আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, এই উদ্যোগের মূল লক্ষ্য হলো পশ্চিমবঙ্গের ব্যবসায়িক উন্নয়ন, নেটওয়ার্কিং, ব্যবসায়ীদের অধিকার ও স্বার্থরক্ষা এবং উদ্যোক্তা বিকাশের ক্ষেত্রে একটি বিশ্বস্ত, কার্যকর ও দীর্ঘমেয়াদি প্ল্যাটফর্ম গড়ে তোলা।

এই ধরনের বিজনেস মিটের মাধ্যমে স্থানীয় ব্যবসায়ী ও নবীন উদ্যোগপতিদের সঙ্গে সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান, আর্থিক সংস্থা এবং শিল্পক্ষেত্রের প্রতিনিধিদের সরাসরি যোগাযোগের সুযোগ তৈরি হবে। এর ফলে একদিকে যেমন ব্যবসায়ীরা নতুন বাজার ও ব্যবসায়িক সুযোগ সম্পর্কে জানতে পারবেন, অন্যদিকে প্রয়োজনীয় পরিকাঠামো, আর্থিক সহায়তা, সরকারি প্রকল্প এবং অন্যান্য সম্পদের সঙ্গে তাঁদের সংযোগ আরও সহজ হবে। বিশেষ করে জেলার আদিবাসী ও তফসিলি জাতি-উপজাতি সম্প্রদায়ের নবীন উদ্যোগপতিদের জন্য এই সম্মেলন যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন উপস্থিত ব্যবসায়ী ও অংশগ্রহণকারীরা। আয়োজকদের আশা, সরকারি সুযোগ-সুবিধা ও শিল্প-বাণিজ্য ক্ষেত্রের সঙ্গে স্থানীয় উদ্যোগপতিদের যোগাযোগ আরও সুদৃঢ় হলে আগামী দিনে পশ্চিমবঙ্গের জেলাগুলিতে নতুন শিল্প ও ব্যবসা গড়ে উঠবে। তৈরি হবে নতুন কর্মসংস্থান। অর্থনৈতিকভাবে আরও শক্তিশালী হবে প্রান্তিক জনগোষ্ঠী।

## ম্যানহোলে আর মানুষ নয়, নামবে রোবট: অগ্নিমিত্রা

**নিজস্ব প্রতিবেদন, দুর্গাপুর:** সাফাইয়ে রোবোটিক্সে জোর রাজ্যের, সিএমইআরআই-এর সঙ্গে মউ-এর উদ্যোগ বিপজ্জনক কাজে কর্মী নামালেই ঠিকাদারের বিরুদ্ধে এফআইআর। ম্যানহোলের বিষাক্ত অন্ধকারে আর নামতে হবে না সাফাইকর্মীদের। মানুষের বদলে এবার নামবে যন্ত্র, বিপজ্জনক সাফাইয়ের কাজে জোর দেওয়া হবে রোবোটিক্সে। দুর্গাপুরের সিএমইআরআই-তে সাফাইকর্মীদের প্রশিক্ষণ কর্মসূচিতে এসে এই বার্তাই দিলেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পল।



ম্যানহোলের ভিতরের স্লাজ ও বর্জ্য ইতিমধ্যেই বিশেষ যন্ত্রে সাকশন পদ্ধতিতে তুলে আনার কাজ শুরু হয়েছে। একই সঙ্গে স্লাজ থেকে জল আলাদা করার ব্যবস্থাও রয়েছে। ফলে কর্মীকে ভিতরে নামানোর প্রয়োজন নেই। প্রযুক্তিকে আরও উন্নত করতে সিএমইআরআই-এর সঙ্গে মউ করার উদ্যোগ নেওয়া হচ্ছে। আর নিরাপত্তা বিধি উপেক্ষা করে ঠিকাদার কর্মীকে ম্যানহোলে নামালে এফআইআর-এর হুঁশিয়ারি দিয়েছেন মন্ত্রী।


IDBI BANK

**আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড**

রিটেল রিকভারি ডিপার্টমেন্ট, ৪৪, শেক্সপিয়র সরণি, ২য় ফ্লোর, কলকাতা, পিন-৭০০০১৭, মোবাইল নং : ৭৯৮০৯২০২৫৩ এবং ৭৯৮০৩৫১৫২১
ওয়েবসাইট- www.idbibank.in, CIN : L65190MH2004GOI148838

**পরিশিষ্ট IV [রুল ৮(১)] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)**

যেহেতু, নিম্নস্বাক্ষরকারী আইডিবিআই ব্যাঙ্ক লি. -এর অনুমোদিত আধিকারিক হিসেবে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (২০০২-এর ৫৪)-এর অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৩-এর সঙ্গে পঠিত সেকশন ১৩(১২)-এর অধীনে অর্পিত ক্ষমতাবলে অ্যাকাউন্টগুলির বিপরীতে উল্লিখিত তারিখে দাবি বিজ্ঞপ্তি জারি করে ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/জামিনদাতাদের উক্ত দাবি বিজ্ঞপ্তিতে উল্লিখিত পরিমাণ অর্থ এবং তার উপর অতিরিক্ত সুদ, খরচ এবং চার্জ উক্ত নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করার আহ্বান জানিয়েছিলেন।
ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/জামিনদাতারা উক্ত পরিমাণ অর্থ পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/গ্যারান্টার এবং সাধারণভাবে জনসাধারণকে নোটিশ দেওয়া হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮-এর সঙ্গে পঠিত উক্ত অ্যাক্টের সেকশন ১৩-এর সাব-সেকশন (৪) এর অধীনে তাঁর উপর অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে উল্লেখিত তারিখে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষভাবে ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/জামিনদাতাদের এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন সম্পত্তিটি নিয়ে কোনওরকম লেনদেন না করেন এবং এই সম্পত্তিগুলির সাথে যে কোনো লেনদেন আইডিবিআই ব্যাঙ্ক লি.-এর উক্ত নোটিশগুলিতে উল্লিখিত পরিমাণ এবং তার উপর অতিরিক্ত সুদ, খরচ এবং চার্জের জন্য ধার্য সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হওয়ার ব্যাপারে প্রাপ্তব্য সময়ের বিষয়ে ২০০২ সালের অ্যাক্টের সেকশন ১৩-এর সাব-সেকশন (৮)-এর বিধানাবলির প্রতি ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/জামিনদাতাদের দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

| ক্র. নং. | ১) ঋণগ্রহীতা / সহ-ঋণগ্রহীতাদের নাম ২) অ্যাকাউন্ট নম্বর | ১) দাবি বিজ্ঞপ্তির তারিখ ২) দখলের তারিখ ৩) দাবি পরিমাণ | স্থাবর সম্পত্তির বিবরণ |
|---|---|---|---|
| ১. | মেসার্স রহমান সার্ভিস স্টেশন স্বত্বাধিকারী - শাহিন হোসেন (ঋণগ্রহীতা) মেসার্স সোহানা এন্টারপ্রাইজ (সহ-ঋণগ্রহীতা) সাইফুর রহমান (সহ-ঋণগ্রহীতা) রুমানা নার্গিস (সহ-ঋণগ্রহীতা)<br>১১৩৭৬৭৫১০০০০২৩৯৪, ১১৩৭৬৭৫১০০০০২৪০০, ১১৩৭৬৭৫১০০০০২৩৭০ এবং ১১৩৭৬৭৫১০০০০২৩৮৭ | ১) ২৯-০৬-২০২৬<br>২) ০১-০৯-২০২৬<br>৩) ১,৩৬,৮৭,৬৫৯.০০ টাকা (এক কোটি ছত্রিশ লক্ষ সাতাশি হাজার ছশো উনষাট টাকা) যা ১০-০৩-২০২৬ তারিখ অনুযায়ী বকেয়া (০৯-০৩-২০২৬ তারিখ পর্যন্ত সুদ সহ)। | **প্রপার্টি ১.** সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল ১১ ডেসিমেল (কমবেশি ৪৭৯২ বর্গফুট-এর সমতুল্য) পরিমাপের জমি এবং তার উপর অবস্থিত প্রায় ৪০০ বর্গফুট পরিমাপের একতলা পাকা বাড়ি, যা আর.এস. এবং এল.আর. দাগ নং ৫২৪২, এল.আর. খতিয়ান নং ৪৫০, জে.এল. নং ২০-এর অধীনে, মৌজা- বেনা, থানা- বাদুড়িয়া, উত্তর ২৪ পরগনা জেলায়, চন্ডীপুর গ্রাম পঞ্চায়েতের সীমানার মধ্যে অবস্থিত। সীমানা নিম্নরূপ উত্তরে- সাইফুর রহমানের অন্যের জমি, দক্ষিণে- ২৪ ফুট ৬ ইঞ্চি চওড়া পিডব্লিউডি পাকা রাস্তা, পূর্বে- তৌহিদ আলী মন্ডল, পশ্চিমে- আনারুল হক এবং অন্যদের সম্পত্তি।<br>**প্রপার্টি ২.** সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল ১৭.৭৫ ডেসিমেল পরিমাপের জমি এবং তার উপর অবস্থিত কাঠামো, যা আর.এস. এবং এল.আর. দাগ নং ৬২৬১, এল.আর. খতিয়ান নং ৪৫০, জে.এল. নং ২০-এর অধীনে, মৌজা- বেনা, থানা- বাদুড়িয়া, উত্তর ২৪ পরগনা জেলায়, চন্ডীপুর গ্রাম পঞ্চায়েতের সীমানার মধ্যে অবস্থিত, পিন-৭৪৩৪০১। সীমানা নিম্নরূপ উত্তরে- পাকা রাস্তা, দক্ষিণে- শাহাদাত হোসেন এবং অন্যান্য, পূর্বে- সাইফুল রহমানের জমি, পশ্চিমে- গোলাম মোস্তফা এবং অন্যদের জমি। |

তারিখ : ০৪.০৯.২০২৬ স্বা/-
স্থান : কলকাতা অনুমোদিত অফিসার



IDBI BANK

**আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড; রিটেইল রিকভারি ডিপার্টমেন্ট,**
৪৪, শেক্সপিয়র সরণি, ২য় ফ্লোর, কলকাতা, পিন-৭০০০১৭,
ফোন নং : ০৩৩৬৬৫৫৭৮৩৯ এবং ০৩৩৬৬৫৫৭৭৪৬; মোবাইল নং :৭৯৮০৯২০২৫৩
ওয়েবসাইট : www.idbibank.in

**দাবি বিজ্ঞপ্তি**

**আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড কর্তৃক ১. শ্রী হরিদাস দত্ত (অ্যাকাউন্ট নং ১৪৬৯৬৫১১০০০০০২৬৮)-কে অনুমোদিত আর্থিক সহায়তা খেলাপ সংঘটিত - সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর সেকশন ১৩(২)-এর অধীনে বিধিবদ্ধ নোটিশ**

১) যেহেতু, নিম্নস্বাক্ষরকারী আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক হিসেবে, সারফায়েশি অ্যাক্ট -এর অধীনে এবং রুল ৩-এর সঙ্গে পঠিত সেকশন ১৩(১২)-এর অধীনে অর্পিত ক্ষমতাবলে, উক্ত অ্যাক্টের সেকশন ১৩(২)-এর অধীনে দাবি বিজ্ঞপ্তি জারি করে নীচে তালিকাভুক্ত ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা (যাঁদের এতদপর "উক্ত ঋণগ্রহীতা" হিসেবে উল্লেখ করা হয়েছে)-কে নীচে দেওয়া বিবরণ অনুযায়ী নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে নোটিশে উল্লিখিত পরিমাণ অর্থ পরিশোধ করার আহ্বান জানিয়েছিলেন।
২) উক্ত নোটিশগুলি ডাক কর্তৃপক্ষ দ্বারা হয় অবণ্টিত অবস্থায় ফেরত এসেছে/বা ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতার দ্বারা যথাযথভাবে প্রাপ্তি স্বীকার করা হয়নি। তাই ব্যাঙ্ক পর্যাপ্ত সতর্কতামূলক ব্যবস্থা হিসেবে এই দাবি বিজ্ঞপ্তির প্রকাশনা কার্যকর করছে। তাই নিম্নস্বাক্ষরকারী উক্ত অ্যাক্ট অনুসারে উক্ত ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতার সর্বশেষ পরিচিত ঠিকানার প্রাঙ্গণে এই নোটিশটি সাঁটানোর ব্যবস্থা করেছেন। উক্ত নোটিশের কপি নিম্নস্বাক্ষরকারীর কাছে উপলব্ধ রয়েছে এবং উক্ত ঋণগ্রহীতা-সহ ঋণগ্রহীতা চাইলে যেকোনো কার্যদিবসে স্বাভাবিক অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কাছ থেকে উক্ত কপিগুলি সংগ্রহ করতে পারেন।
৩) উপরোক্ত পটভূমির বিপরীতে, উক্ত ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতাকে এতদ্বারা আবার নোটিশ দেওয়া হচ্ছে যে, নোটিশ প্রকাশের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ঋণ এবং অন্যান্য নথির অধীনে নির্দেশিত/প্রদেয় অর্থ আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড-কে প্রদান করতে হবে। ঋণের যথাযথ পরিশোধের জন্য নিরাপত্তা হিসেবে, সংশ্লিষ্ট পক্ষগুলি নীচে বর্ণিত নিম্নলিখিত সিকিউরিটিগুলি আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেডের কাছে বন্ধক/দায়বদ্ধ করেছে

| ক্র. নং. | ১) ঋণগ্রহীতা/সহ- ঋণগ্রহীতাদের নাম ২) অ্যাকাউন্ট নম্বর | ১) দাবি বিজ্ঞপ্তির তারিখ ২) সাঁটানোর তারিখ ৩) বকেয়া পরিমাণ | স্থাবর সম্পত্তির বিবরণ |
|---|---|---|---|
| ১ | ১) ঋণগ্রহীতা শ্রী হরিদাস দত্ত জামিনদাতা - শ্রীমতী কল্পনা দত্ত<br>২) ১৪৬৯৬৫১১০০০০০২৬৮ | ১) ১১-০৭-২০২৫<br>২) ০১-০৯-২০২৬<br>৩) ১৯,৩৫,১১৮.৩৮ টাকা (উনিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার একশো আঠারো টাকা এবং আটত্রিশ পয়সা) যা ০২.০৫.২০২৫ তারিখ অনুযায়ী বকেয়া (০১.০৫.২০২৫ তারিখ পর্যন্ত হিসেবকৃত সুদ সহ)। | সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল স্থাবর সম্পত্তি যার পরিমাপ কমবেশি ০৪.০৬ ডেসিমেল পথ সহ (৪.২৯০ ডেসিমেল পরিমাপের জমি, যা প্লট নং ১ হিসেবে চিহ্নিত এবং ০.৩৪০ ডেসিমেল পরিমাপের পথের জমি, যা প্লট নং ৬ হিসেবে চিহ্নিত, যা চেইন টাইটেল ডিড-এর সাথে সংযুক্ত) এবং এর সাথে থাকা একটি ভবন, যা জে.এল. নং ৪৩, তৌজি নং ৬০০, রে. সা. নং ১৩৩, পূর্বতন খতিয়ান নং ৩৯২৪, ৩৯২৫, ৩৯২৬, ১০১৬, ১১০৫৫, বর্তমান খতিয়ান নং ১২৮৮৩ (হরিদাস দত্ত-এর নামে রয়েছে), এবং এল.আর. খতিয়ান নং ১২৮৮২ (কল্পনা দত্ত-এর নামে রয়েছে), আর.এস. এবং এল.আর. দাগ নং ৫০০৪-এর অন্তর্ভুক্ত, বসিরহাট পৌরসভার স্থানীয় সীমানার মধ্যে, ওয়ার্ড নং ৮, হোল্ডিং নং ৬৯২/৬২৯, যদুনাথ বসু রোড, গ্রাম- বসিরহাট, সাইঁপালা (রবীন্দ্র ভবনের কাছে), পোঃ- বসিরহাট, এডিএসআরও ও থানা- বসিরহাট, জেলা- উত্তর ২৪ পরগনা-এ অবস্থিত, জমির প্রকৃতি "বাস্তু"। উক্ত সম্পত্তির সীমানা নিম্নরূপ : উত্তরে : পুরসড়ক, পূর্বে : সাধারণ চলার পথ, দক্ষিণে : অচিন্ত্য ব্যানার্জীর জমি, পশ্চিমে : সনৎ কুমার বসুর জমি। |

*উপরে উল্লিখিত তারিখ থেকে অর্থ প্রদানের তারিখ পর্যন্ত চুক্তিবদ্ধ হার/বিরতিতে সম্মত অতিরিক্ত সুদ সহ প্রদেয়।
৪) যদি উক্ত ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড-কে উপরোক্ত অর্থ প্রদান করতে ব্যর্থ হন, তাহলে আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড সারফায়েশি অ্যাক্ট এবং রুলস-এর সেকশন ১৩(৪)-এর অধীনে উক্ত ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতার নিজস্ব ঝুঁকি, খরচ এবং পরিণতির উপর সম্পূর্ণরূপে নির্ভর করে উক্ত সুরক্ষিত সম্পদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করবে।
৫) অধিকন্তু, সুরক্ষিত সম্পদের দায়মুক্ত হওয়ার ব্যাপারে প্রাপ্তব্য সময়ের বিষয়ে অ্যাক্টের সেকশন ১৩-এর সাব-সেকশন (৮)-এর বিধানাবলির প্রতি ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।
৬) উক্ত ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতাকে সারফায়েশি অ্যাক্টের অধীনে আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড-এর পূর্ব লিখিত সম্মতি ব্যতিরেকে বিক্রি, লিজ বা অন্য কোনো উপায়ে সুরক্ষিত সম্পদ হস্তান্তর করতে নিষেধ করা হচ্ছে। যে কোনো ব্যক্তি যিনি অ্যাক্ট বা রুলস-এর বিধান লঙ্ঘন করেন বা লঙ্ঘন করতে সহায়তা করেন তিনি অ্যাক্টের সেকশন ২৯-এর অধীনে প্রদত্ত কারাদণ্ড এবং/অথবা জরিমানার জন্য দায়ী থাকবেন।

তারিখ : ০৪-০৯-২০২৬, স্বা/-
স্থান : কলকাতা অনুমোদিত অফিসার



ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank ALLAHABAD

**পরিশিষ্ট IV [রুল ৮(১)] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)**

**জোনাল অফিস: বহরমপুর**
১ম ফ্লোর, গৌর সুন্দর ভবন, পঞ্চাননতলা, বহরমপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন - ৭৪২ ১০১,
ই-মেইল: zoberhampore@indianbank.bank.in

যেহেতু:
নিম্নস্বাক্ষরকারী **ইন্ডিয়ান ব্যাঙ্ক** -এর অনুমোদিত আধিকারিক হিসেবে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ -এর অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ -এর রুল ৮ এবং ৯ -এর সঙ্গে পঠিত সেকশন ১৩(১২) -এর অধীনে অর্পিত ক্ষমতাবলে **০২.০৭.২০২৬ তারিখে একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করে ঋণগ্রহীতা / গ্যারান্টারদের:
১. **মেসার্স বেডলন, প্রোপ্রাইটর: মিঠু রায়,** নগেন্দ্র নগর, ৪র্থ লেন, কৃষ্ণনগর, নদীয়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪১ ১০১।
২. **শ্রীমতী মিঠু রায় (প্রোপ্রাইটর এবং বন্ধকদাতা),** স্বামী- শ্রী রানা রায়, নগেন্দ্র নগর, ৪র্থ লেন, কৃষ্ণনগর, নদীয়া, পশ্চিমবঙ্গ, পিন - ৭৪১ ১০১।
৩. **শ্রী রানা রায় (গ্যারান্টার),** পিতা- শ্রী মতিলাল রায়, নগেন্দ্র নগর, ৪র্থ লেন, কৃষ্ণনগর, নদীয়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪১ ১০১।
আমাদের **কৃষ্ণনগর আরএনটি শাখার** সাথে উক্ত নোটিশে উল্লিখিত পরিমাণ অর্থ অর্থাৎ **৩৩,৩৩,৮২৬.০০ টাকা** (তেত্রিশ লক্ষ তেত্রিশ হাজার আটশো ছাব্বিশ টাকা মাত্র) যা **০২.০৭.২০২৬** তারিখ অনুযায়ী বকেয়া, উক্ত নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করতে বলেন।
ঋণগ্রহীতা টাকার অঙ্ক ফেরত দিতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনসাধারণকে বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলস-এর রুল ৮ এবং ৯ -এর সঙ্গে পঠিত উক্ত অ্যাক্টের সেকশন ১৩(৪) অধীনে তাঁর উপর অর্পিত ক্ষমতাবলে **২০২৬ সালের সেপ্টেম্বর মাসের ৩ তারিখে** এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষভাবে ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন সম্পত্তিটি নিয়ে কোনওরকম লেনদেন না করেন এবং এই সম্পত্তিটির সাথে যে কোনো লেনদেন **ইন্ডিয়ান ব্যাঙ্ক** -এর **৩৪,২৭,৪৯০.০০ টাকা** (চৌত্রিশ লক্ষ সাতাশ হাজার চারশো নব্বই টাকা মাত্র) যা **০৩.০৯.২০২৬** তারিখ অনুযায়ী বকেয়া এবং তার উপর অতিরিক্ত সুদের জন্য ধার্য সাপেক্ষ হবে।
"সারফায়েশি অ্যাক্ট -এর সেকশন ১৩(৮) এবং এর অধীনে প্রণীত রুলস-এর বিধানগুলির প্রতি আমরা দৃষ্টি আকর্ষণ করছি, যা সিকিউরিটির উপর আপনার দায়মুক্ত হওয়ার অধিকারগুলির সাথে সম্পর্কিত"
**স্থাবর সম্পত্তির বিবরণ:** সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল ২.৭৬ ডেসিমেল পরিমাপের জমি এবং তার উপর নির্মিত ভবন, যা প্লট নং এস৩৫৫ (S355), আর.এস.-২৬১/২৩৩১১, এল.আর.-৫০৮, খতিয়ান নং এস-৮০, এল.আর.-৩৫২৯, আর.এস.-৬৮২৪ থেকে ৪৫৪৮৪, বর্তমান এল.আর.-৪৮০১২, জে.এল. নং ৯২, মৌজা - কৃষ্ণনগরে অবস্থিত, কৃষ্ণনগর মিউনিসিপ্যালিটির অধীনে, জমির প্রকৃতি "বাড়ি", যা ওয়ার্ড নং ২৪, এম. জি. রোড, নগেন্দ্রনগর ৪র্থ লেন, পোঃ- কৃষ্ণনগর, থানা - কোতোয়ালি, জেলা - নদীয়া, পিন- ৭৪১ ১০১-এ ২৬.১০.২০১৭ তারিখের বিক্রয় দলিল নং ১-৭৬৬৯ এবং ০৭.০৪.২০১৭ তারিখের বিক্রয় দলিল নং ১-২৫৯৬ অনুযায়ী নিবন্ধিত। **উপরোক্ত সম্পত্তির সীমানা নিম্নরূপ:** উত্তরে: জোসেফ রোজারিও-এর সম্পত্তি, দক্ষিণে: ১০ ফুট চওড়া সাধারণ প্যাসেজ, পূর্বে: এম. জি. রোড, পশ্চিমে: ৫ ফুট চওড়া সাধারণ প্যাসেজ।

**তারিখ: ০৩.০৯.২০২৬** **অনুমোদিত অফিসার**
**স্থান: কৃষ্ণনগর** **ইন্ডিয়ান ব্যাঙ্ক**



ইন্ডিয়ান ব্যাঙ্ক Indian Bank ALLAHABAD

**পরিশিষ্ট IV [রুল ৮(১)] দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)**

**জোনাল অফিস: বহরমপুর**
১ম ফ্লোর, গৌর সুন্দর ভবন, পঞ্চাননতলা, বহরমপুর, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ, পিন - ৭৪২ ১০১,
ই-মেইল: zoberhampore@indianbank.bank.in

যেহেতু:
নিম্নস্বাক্ষরকারী **ইন্ডিয়ান ব্যাঙ্ক** -এর অনুমোদিত আধিকারিক হিসেবে সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮ এবং ৯ -এর সঙ্গে পঠিত সেকশন ১৩(১২)-এর অধীনে অর্পিত ক্ষমতাবলে **০৪.০২.২০২৬ তারিখে একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করে ঋণগ্রহীতা / গ্যারান্টারদের:
১. **শ্রী সনাতন জোয়ারদার (ঋণগ্রহীতা / গ্যারান্টার / বন্ধকদাতা),** পিতা- মৃত বৈকর্তন জোয়ারদার, গ্রাম ও পোঃ - ছাতিনা, থানা - তেহট্ট, জেলা - নদীয়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪১ ১৬০।
২. **শ্রী দীপক জোয়ারদার (গ্যারান্টার / বন্ধকদাতা),** পিতা- মৃত বৈকর্তন জোয়ারদার, গ্রাম ও পোঃ - ছাতিনা, থানা - তেহট্ট, জেলা - নদীয়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪১ ১৬০।
৩. **শ্রী বিকাশ জোয়ারদার (গ্যারান্টার / বন্ধকদাতা),** পিতা- মৃত বৈকর্তন জোয়ারদার, গ্রাম ও পোঃ - ছাতিনা, থানা - তেহট্ট, জেলা - নদীয়া, পশ্চিমবঙ্গ, পিন- ৭৪১ ১৬০।
আমাদের **তেহট্ট শাখার** সাথে উক্ত নোটিশে উল্লিখিত পরিমাণ অর্থ অর্থাৎ **১০,৬০,৯৭৪.০০ টাকা** (দশ লক্ষ ষাট হাজার নয়শো চুয়াত্তর টাকা মাত্র) যা **০৪.০২.২০২৬** তারিখ অনুযায়ী বকেয়া, উক্ত নোটিশ প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করতে বলেন।
ঋণগ্রহীতা টাকার অঙ্ক ফেরত দিতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনসাধারণকে বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলস-এর রুল ৮ এবং ৯ -এর সঙ্গে পঠিত উক্ত অ্যাক্টের সেকশন ১৩(৪) অধীনে তাঁর উপর অর্পিত ক্ষমতাবলে **২০২৬ সালের সেপ্টেম্বর মাসের ৩ তারিখে** এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষভাবে ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনসাধারণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন সম্পত্তিটি নিয়ে কোনওরকম লেনদেন না করেন এবং এই সম্পত্তিটির সাথে যে কোনো লেনদেন **ইন্ডিয়ান ব্যাঙ্ক** -এর **১১,৪৩,০৫৭.০০ টাকা** (এগারো লক্ষ তেতাল্লিশ হাজার সাতান্ন টাকা মাত্র) যা **০৩.০৯.২০২৬** তারিখ অনুযায়ী বকেয়া এবং তার উপর অতিরিক্ত সুদের জন্য ধার্য সাপেক্ষ হবে।
"সারফায়েশি অ্যাক্ট -এর সেকশন ১৩(৮) এবং এর অধীনে প্রণীত রুলস-এর বিধানগুলির প্রতি আমরা দৃষ্টি আকর্ষণ করছি, যা সিকিউরিটির উপর আপনার দায়মুক্ত হওয়ার অধিকারগুলির সাথে সম্পর্কিত"
**স্থাবর সম্পত্তির বিবরণ:** সম্পত্তির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল ১৪ শতক বা ০.১৪ একর পরিমাপের (কমবেশি) জমি এবং তার উপর অবস্থিত পাকা দোতলা আবাসিক ভবন এবং গুদামঘর, যা ০১/০৩/১৯৯৫ তারিখের বিক্রয় দলিল নং ১৩৪৩ অনুযায়ী নিবন্ধিত, নদীয়া জেলায়, থানা - তেহট্ট, মৌজা ছাতিনা নং ৯৮, প্লট নং আর.এস. ৮৫৬, এল.আর.- ৭৮৮, খতিয়ান নং ১৭৮ -এর অধীনে, এল.আর.-৫৫৭, বর্তমান এল.আর.-১৪৮৮, ১৪২৪, ১৪৯০, নটনা গ্রাম পঞ্চায়েতের অধীনে, জমির প্রকৃতি ভিটি, থানা - তেহট্ট, এডিএসআরও - পলাশীপাড়া, ডিএসআর - নদীয়া, কৃষ্ণনগর, জেলা- নদীয়া, পশ্চিমবঙ্গে অবস্থিত। **সম্পত্তিটি সনাতন জোয়ারদার, দীপক জোয়ারদার এবং বিকাশ জোয়ারদারের নামে রয়েছে। সীমানা:** উত্তরে - মৃত আনন্দ মন্ডলের আইনি উত্তরাধিকারীদের বাড়ি, দক্ষিণে - শম্ভুনাথ গোস্বামী এবং রামচন্দ্র ঘোষের সম্পত্তি, পূর্বে - পিডব্লিউডি পিচ রাস্তা, পশ্চিমে - সনাতন জোয়ারদার এবং অন্যদের সম্পত্তি।

**তারিখ: ০৩.০৯.২০২৬ / স্থান: তেহট্ট** **অনুমোদিত অফিসার / ইন্ডিয়ান ব্যাঙ্ক**



একদিন বায়োস্কোপ





# বাংলা চলচ্চিত্রের ভবিষ্যৎ বদলাতে মুক্তি পেতে চলেছে ৫টি ভিন্নধারার ছবি








**শাশ্বত চট্টোপাধ্যায়**

২২ শে আগস্ট ২০২৬ বিশিষ্ট চিত্র নির্মাতা ও প্রযোজক ডঃ অমিত কুমার সিনহার উদ্যোগে তার প্রযোজক সংস্থা Ample dream developers কলকাতার NX ELITE এ আয়োজিত একটি অনুষ্ঠানে মোট পাঁচটি পূর্ণদৈর্ঘ্যের চলচ্চিত্রের পোস্টার উন্মোচন এর মধ্য দিয়ে বাংলার সিনে-দর্শকদের কাছে এক অনন্য নজির সৃষ্টিকারী বিশেষ বার্তা দিলেন। মাল্টিপ্লেক্স মানের বৈচিত্র্যময় চিত্রনাট্যের সঙ্গে বাণিজ্যিক চলচ্চিত্রের আবেগের মেলবন্ধন ঘটিয়ে বাংলার দর্শকদের পুনরায় প্রেক্ষাগৃহে ফিরিয়ে আনার উদ্দেশ্যে তাদের এই উদ্যোগ। এই অভূতপূর্ব উদ্যোগে অভিজ্ঞ এবং বিশিষ্ট শিল্পীদের পাশাপাশি প্রতিশ্রুতিশীল, উদীয়মান নতুন প্রতিভাদের সুযোগ দেওয়া হয়েছে। বাংলা সিনেমার গতানুগতিক ফর্মুলার থেকে অনেকটা অন্য পথে গিয়ে প্রযোজক সংস্থা Ample dream developers এখন উচ্চ ধারনা ও বিষয়বস্তু প্রধান চলচ্চিত্রের দিকে ঝুঁকেছে। টানটান উত্তেজনাময় সাইকোলজিক্যাল থ্রিলার, রোমহর্ষক মার্ডার মিস্ট্রি, হৃদয়স্পর্শী মানবিক আখ্যান, আন্তঃসীমান্ত ড্রামা প্রভৃতি বিভিন্ন স্বাদের-বিভিন্ন ঘরানার এই চলচ্চিত্র গুলির মাধ্যমে মূল ধারার বাংলা বিনোদন কে একটি নতুন রূপ দেওয়ার উদ্দেশ্য নিয়েই বিশিষ্ট প্রযোজক ডঃ অমিত কুমার সিনহার নেতৃত্বে Ample dream developers এর এই উদ্যোগ। এই প্রযোজক সংস্থাটির উদ্যোগে, প্রচলিত গতানুগতিকতার একঘেয়েমি ভেঙে এবং অভিজ্ঞদের পাশাপাশি নতুন প্রতিভাদের হাত ধরে, যে পাঁচটি ভিন্ন স্বাদের, ভিন্ন ঘরানার চিত্রনাট্যের মাধ্যমে বাংলার সিনে-দুনিয়ায় নতুন প্রান সঞ্চার হতে চলেছে,সেগুলি হল-

স্লেয়ার- এই ছবিটির শুটিং এর কাজ সম্পন্ন হয়ে গেছে। ছবির পরিচালক দীপ মাইতি। অভিনয় করেছেন-আরিয়ান ভৌমিক, শুভঙ্কি ধর, সুপ্রিয় দত্ত, সায়ন মুখার্জী, সৌরভ ভট্টাচার্য এবং রুমিও সাহা।

তুমি এলে তাই- এই ছবিটির শুটিং এর কাজ সম্পন্ন হয়েছে। এই ছবির পরিচালক রত্নাকর কর্মকার। অভিনয় করেছেন মৈনাক ব্যানার্জি, রজতাভ দত্ত, বিশ্বনাথ বসু, ভাস্কর ব্যানার্জি, মৌবনি সরকার, অনামিকা সাহা, সোমা চক্রবর্তী, তন্নিষ্ঠা বিশ্বাস, বরুণ চক্রবর্তী, মিশভি মিশ্র এবং গৌতম দাস। একতারা- এই ছবিটির শুটিং এর কাজ সম্পন্ন হয়ে গেছে। ছবির পরিচালক অরিজিৎ দে। এই ছবিতে অভিনয়ে আছেন ওম সাহানি, রায়তি ভট্টাচার্য, তুলিকা বসু, দেবিকা মুখার্জি, মৃণাল ঘোষ এবং তন্নিষ্ঠা বিশ্বাস। সি/ও আ জার্নি- এই ছবির কাজ সম্পূর্ণ এবং সেপ্টেম্বর ২০২৬-এ মুক্তি পেতে চলেছে। ছবি পরিচালনায় আছেন প্রতীক সরকার। ছবিতে অভিনয় করেছেন বনি সেনগুপ্ত, দর্শনা বণিক, ত্রিশানজিৎ, চন্দন সেন, শিলাজিৎ মজুমদার এবং সুদীপ মুখার্জী।


হাবুল- এই ছবির শুটিং এর কাজ শীঘ্রই শুরু হবে। ছবির পরিচালনায় আছেন ডঃ কৃষ্ণেন্দু চ্যাটার্জী। এই ছবিতে অভিনয় করবেন শাশ্বত চ্যাটার্জি, ইভান সিনহা। ছবির কেন্দ্রীয় নারী চরিত্রে এখনো কোন নাম চূড়ান্ত হয়নি।

এই পাঁচটি ছবির লাইন প্রোডাকশনের দায়িত্ব নিয়েছেন সিলভার স্ক্রিন ড্রিম প্রোডাকশন হাউস এবং রজত সাহা এন্টারপ্রাইজ। প্রসঙ্গক্রমে Ample dream developers এর পক্ষে প্রযোজক ডঃ অমিত কুমার সিনহা বলেন,'আমরা কেবল একটি বিচ্ছিন্ন চলচ্চিত্র তৈরি করতে আসিনি। আমরা একটি প্রাণবন্ত কর্মপরিবেশ বা ইকোসিস্টেম গড়ে তুলতে এসেছি। আমাদের এই পাঁচটি চলচ্চিত্রের তালিকা প্রমাণ করে যে, দুর্দান্ত বিনোদন এবং নির্ভীক নতুন প্রতিভা অভিজ্ঞ কিংবদন্তীদের পাশাপাশি সমানভাবে অবস্থান করতে পারে।'



# হেরম্ব, অরুণ, অরূপ, উত্তম পেরিয়ে

**বিশ্বনাথ বিশ্বাস**




বাংলা চলচ্চিত্রের একমাত্র মহানায়ক উত্তমকুমারের জন্মশতবর্ষ পূর্তি। উত্তমকুমার জন্মে ছিলেন ৩ সেপ্টেম্বর ১৯২৬ সালে মামাবাড়িতে, ৫১ আহিরীটোলা স্ট্রিট কুমোরটুলি । তাঁর আসল নাম অরুণকুমার । একথা সকলে জানেন। কিন্তু উত্তমের জন্মরাশি নাম হেরম্ব। হেরম্ব চট্টোপাধ্যায় নামটি সকলের কাছে প্রায় অজানা। উত্তমরা তিন ভাই, এক বোন। তাঁদের মা চপলা দেবী।

উত্তম ছেলেবেলায় চলে আসেন ভবানীপুরের ৪৬এ গিরিশ মুখোপাধ্যায় রোডে নিজেদের বাড়িতে। পড়াশোনা প্রথমে চক্রবেড়িয়া হাইস্কুলে। তারপর সাউথ সাবার্বন স্কুল থেকে ম্যাট্রিক পাশ করে ভর্তি হোন গোয়েঙ্কা কলেজ অব কমার্সে। কিন্তু অসমাপ্ত থেকে যায় উত্তমের গ্রাজুয়েজন পাঠ। সংসারের আর্থিক অনটনে কলকাতার পোর্টে চাকুরি জীবনে প্রবেশ করেন। আর তারই জেরে পড়াশোনায় ইতি পড়ে। নেতাজী সুভাষচন্দ্র বসুর আদর্শে অনুপ্রাণিত ছিলেন উত্তম। তখন ব্রিটিশ আমল। ১৯৪৫ সালে ২৩ জানুয়ারি নেতাজীর জন্মদিন পালন করেন প্রভাত ফেরী করে । এই উপলক্ষে নিজেই সুরে, কলমে লিখেছিলেন 'সুভাষেরই জন্মদিনে গাইব নতুন গান, সেই সুরেতে জাগবে মানুষ, জাগবে নতুন প্রাণ'। ১৯৪৬ সালে দাঙ্গার সময় ইংরেজদের বিরুদ্ধে আওয়াজ তুলে গেয়েছিলেন ছিলেন - 'হিন্দুস্তান মে ক্যায় হ্যায় তুমহারা, ও ব্রিটিশ বেচারা . . .।' উত্তমের বাবা সাতকড়ি চট্টোপাধ্যায় ছিলেন মেট্রো সিনেমার সাধারণ অপারেটর। বাড়িতে ছিল তাঁর সুহৃদ সমাজ নামে শখের থিয়েটার দল। এই পরিবেশ উত্তমকে প্রভাবিত করে। ঘরে বাইরে যেখানেই অভিনয়ের কিছু হত, তা সে রিহার্সাল হোক বা মঞ্চত্ব। সন্ধ্যাবেলার পড়াশোনা ফাঁকি দিয়ে উত্তম ছুটে যেতেন। তাঁর এই লুকোচুরি ধরা পড়ে দিদি পুতুলের কাছে। উত্তমের খুব প্রিয় এই একমাত্র দিদি অকালে মারা যান। এই শোক উত্তম আজীবন ভুলতে পারেননি। পাড়ার নাটকে উত্তমের অভিনয়ের হাতেখড়ি 'মুকুট' আসরস্থ। স্কুলের 'গয়াসুর' নাটকে ছোট গয়াসুরের ভূমিকায় অভিনয় করে প্রশংসিত হন ও দুটি মেডেল পান। একসময় পুরোপুরি পাড়ার নাটকে কোমর বেঁধে উত্তম নেমে পড়লেন।

বন্দরের কাজ সেরে উত্তম চলে যেতেন স্টুডিও পাড়ায়। কাজের খোঁজে। অভিনেতা হবে। প্রায় সিদ্ধান্ত নিয়ে নিয়েছেন। গানেরও শখ ছিল। তখনও পর্দায় আসেননি। হেমন্ত মুখোপাধ্যায়ের কাছে গান শিখতে যেতেন। যদি সংগীতেও কিছু করতে পারেন। উত্তমের সুযোগ হল প্রথম অভিনয়ের। ১৯৪৭ সালে হিন্দি 'মায়াডোর' ছবিতে। যদিও এই ছবি কোনদিন মুক্তি পাইনি। চার-পাঁচ অভিনয় করেছিলেন। দৈনিক পাঁচ সিকি পারিশ্রমিক পেয়েছিলেন। প্রথম মুক্তিপ্রাপ্ত ছবি ১৯৪৮ সালে নীতিন বসু পরিচালিত 'দৃষ্টিদান'। এতে নায়ক অসিতবরণের ছোটবেলার চরিত্রে উত্তম অভিনয় করেন। প্রথম নায়ক চরিত্রে অভিনয় ১৯৪৯ সালে নব্যেন্দুসুন্দর বন্দ্যোপাধ্যায়ের 'কামনা' ছবিতে। তখন তিনি উত্তম চ্যাটার্জি। তাঁর প্রথম নায়িকা ছবি রায়। প্রথম ছবি ফ্লপ হয়। ১৯৫০ সালে সরোজ মুখার্জি পরিচালিত 'মর্যাদা' ছবিতেও তাঁর নতুন নাম হল অরুপকুমার। এই ছবিতেই উত্তমের লিপে প্রথম গান শোনা যায়। তাঁর প্লেব্যাকে প্রথম গেয়েছিলেন তরুণ বন্দ্যোপাধ্যায়। এই ছবিও ফ্লপ হয়। এর জেরে সবাই ফ্লপ মাস্টার জেনারেল বলে ডাকতেন।

১৯৫১ সালে অগ্রদূতের 'সহযাত্রী' ছবিতেই তিনি প্রথম পরিচিতি পেলেন উত্তমকুমার নামে । এও ফ্লপ ছবি । 'সহযাত্রী'-তেই অবিস্মরণীয় 'হেমন্ত ও উত্তম' জুটির আত্মপ্রকাশ রবীন চট্টোপাধ্যায়ের সুরে 'ফুল হাসে আর চেয়ে দেখি', 'গগনে সঘন ঘটা উড়ায় কে মেঘ জটা', 'ভালোবাসার পরশমণি কোথায় তারে পাই' গানে। গীতিকার শৈলেন রায়। ১৯৫৫ সালে এই জুটির 'শাপমোচন' নবদিগন্তে সূচনা করে। এঁদের অভিনয়ে, গানে অতুলনীয় 'ঝড় উঠেছে বাউল বাতাস' (শাপমোচন), 'দুরের মানুষ কাছে এসো' (পৃথিবী আমারে চায়), 'সূর্য ডোবার পালা' (ইন্দ্রাণী), 'মালতী ভ্রমরে করে ওই কানাকানি' (বন্ধু), 'তারে বলে দিও' (দুই ভাই), সন্ধ্যা মুখোপাধ্যায়ের সঙ্গে 'এই পথে যদি না শেষ হয়' (সপ্তপদী), 'আমি জানি তুমি এই পথ' (শেষ অংক), 'ওগো কাজল নয়না হরিণী' (মন নিয়ে) 'কে জানে ক ঘন্টা' (সোনার খাঁচা) 'আয় আয় আসমানী কবুতর' (বাঘবন্দি খেলা) হিরন্ময় স্তম্ভ। উত্তমের মহানায়ক হয়ে ওঠার নেপথ্যে হেমন্ত মুখোপাধ্যায়-এরও অবদান অনস্বীকার্য।

১৯৫২ সালে এলো উত্তমের প্রথম হিট ছবি নির্মল দে পরিচালিত 'বসু পরিবার'। নায়িকা সাবিত্রী চট্টোপাধ্যায়। আর পিছন ফিরে তাকাতে হয়নি। ১৯৫৩ সালে হিট করল নির্মল দের 'সাড়ে চুয়াত্তর'। এই ছবিতেই সুচিত্রা সেনের সঙ্গে তাঁর প্রথম অভিনয়। বিখ্যাত 'উত্তম-সুচিত্রা' জুটি ৩০টি ছবিতে একসাথে ছিলেন। তাছাড়াও সাবিত্রী চট্টোপাধ্যায়, সুপ্রিয়া, সন্ধ্যা রায়, মাধবী চট্টোপাধ্যায়, অঞ্জনা ভৌমিক, তনুজা, মালা সিনহা প্রভৃতি নায়িকাদের তাঁর রোমান্টিক অভিনয় চিরস্মরণীয় হয়ে আছে। উত্তম ২০০টির বেশি ছবিতে অভিনয় করে গেছেন। হিট থেকে সুপার হিট কত না ছবি 'অগ্নিপরীক্ষা' (১৯৫৪), 'শাপমোচন' (১৯৫৫), 'সাগরিকা' (১৯৫৬), 'হারানো সুর' (১৯৫৭), 'সূর্যতোরণ' (১৯৫৮), 'মরুতীর্থ হিংলাজ' (১৯৫৯), 'কুহক' (১৯৬০), 'সপ্তপদী' (১৯৬১), 'বিপাশা' (১৯৬২), 'দেয়া নেয়া' (১৯৬৩), 'লাল পাথর' (১৯৬৪), 'থানা থেকে আসছি' (১৯৬৫), 'নায়ক' (১৯৬৬), অ্যান্টনি ফিরিঙ্গি' (১৯৬৭), 'চৌরঙ্গী' (১৯৬৮), 'মন নিয়ে' (১৯৬৯), 'নিশিপদ্ম' (১৯৭০), 'ছদ্মবেশী' (১৯৭১), 'স্ত্রী' (১৯৭২), 'বনপলাশীর পদাবলী' (১৯৭৩), 'অমানুষ' (১৯৭৪), 'অগ্নীশ্বর' (১৯৭৫), 'বহ্নিশিখা' (১৯৭৬), 'আনন্দ আশ্রম' (১৯৭৭), 'ধনরাজ তামাং' (১৯৭৮), 'দেবদাস' (১৯৭৯) । তিনি ছিলেন আট থেকে আশি সকলের কাছে 'ম্যাটিনি আইডল' । ষাটের দশকের শেষের দিকে তিনি হয়ে উঠেন জীবন্ত কিংবদন্তি । নায়ক থেকে খলনায়ক তা সে 'বাঘবন্দী খেলা' (১৯৭৫) হোক বা 'বহ্নিশিখা' (১৯৭৬) কিংবা 'ধন্যি মেয়ে' (১৯৭১), 'মৌচাক' (১৯৭৫)-এ চরিত্রাভিনেতা রুপী দাদা - সবেতেই তিনি মহানায়ক, 'মহানায়ক উত্তমকুমার'।

১৯৫৭ সালে মঙ্গল চক্রবর্তী পরিচালিত 'তাসের ঘর' ছবিতে উত্তম প্রথম দ্বৈতচরিত্রে অভিনয় করেছিলেন। অভিনয় ছাড়াও উত্তম পরিচালনা করেছিলেন। প্রথম ছবি ১৯৬৬ সালে 'শুধু একটি বছর'। তারপর 'বনপলাশীর পদাবলী' (১৯৭৩), 'কলঙ্কিনী কঙ্কাবতী' (১৯৮১)। প্রযোজনা করেন 'উত্তর ফাল্গুনী' (১৯৬৩)-সহ অনেক ছবি। ১৯৬৭ সালে নিজের প্রযোজিত 'ছোটি সি মুলাকাত' দিয়ে হিন্দি সিনেমায় উত্তমের আত্মপ্রকাশ। সুরারোপও করেছেন ১৯৬৬ সালে 'কাল তুমি আলেয়া'। এই ছবিতে উত্তমকুমারের সুরে হেমন্ত মুখোপাধ্যায় গেয়েছিলেন 'যাই চলে যাই' গানটি।

ভারতীয় চলচ্চিত্রে ১৯৬৮ সালে 'ভরত সম্মান' চালু হয়, সে বছর উত্তমকুমার প্রথম অভিনেতা ওই পুরস্কারে সম্মানিত হন 'চিড়িয়াখানা' ও 'অ্যান্টনি ফিরিঙ্গি'-র জন্য। বিশেষ 'ফিল্ম ফেয়ার অ্যাওয়ার্ড' পান হিন্দি ভার্সান 'অমানুষ' ছবির জন্য। বাংলার শ্রেষ্ঠ পুরস্কার 'বিএফজেএ অ্যাওয়ার্ড'-এ মহানায়ক যেন একাই রাজা - 'হ্রদ' (১৯৫৫), 'সপ্তপদী' (১৯৬১), 'নায়ক' (১৯৬৬), 'গৃহদাহ' (১৯৬৭), 'এখানে পিঞ্জর' (১৯৭১), 'স্ত্রী' (১৯৭২), 'অমানুষ' (১৯৭৪), 'বহ্নিশিখা' (১৯৭৬)। এছাড়াও সরকারী, বেসরকারী নানান সংস্থা উত্তমকে নানান পুরস্কার, সম্মানে ভূষিত করে । ছবির প্রযোজক হয়েও একাধিকবার 'জাতীয় পুরস্কার' পেয়েছিলেন । ১৯৮০ সালে সলিল দত্তের 'ওগো বধূ সুন্দরী' (১৯৮১-তে মুক্তিপ্রাপ্ত) ছবিতে উত্তমকুমার শেষবারের মত অভিনয় করেছিলেন। গগন সেন চরিত্রে। এই ছবির শুটিং-এর সময় তিনি অসুস্থ বোধ করেন। তখনই হার্ট অ্যাটাক হয়। দিনটি ছিল ২৩ জুলাই। অসুস্থ শরীরে সেই দিনের ছবির কাজ শেষ করেন। পরের দিন ২৪ জুলাই মহানায়কের জীবনাবসান। দুঃস্থ কলাকুশলীদের আর্থিক সুবিধার্থে উত্তমকুমার নিজের হাতে নির্মাণ করেছিলেন 'শিল্পী সংসদ'।

# দেশু ৭

## অপেক্ষার শুরু



**সৌমিত্র চট্টোপাধ্যায়**

বাংলার সিনে-দুনিয়ায় আবারও জেগেছে নস্টালজিয়ার উন্মাদনা,বাংলার সিনে-দর্শকদের অধীর আগ্রহে অপেক্ষা করে থাকা,ছবি মুক্তির নির্দিষ্ট দিন ১৬ই অক্টোবর ২০২৬ এর জন্য। কারণ ওই দিনই মুক্তি পেতে চলেছে বাংলার সুপারস্টার দেব অর্থাৎ দেব অধিকারীর আগামী ছবি দেশু-৭। সাধারণত বাংলার দর্শকেরা দেব এবং শুভশ্রীর জুটিকে একসাথে উল্লেখ করতে দেশু শব্দটি ব্যবহার করে থাকে এবং এই ছবিটিও তাদের একসাথে কাজ করা সপ্তম ছবি। ঠিক সেই অর্থেই ছবির নাম 'দেশু-৭' কিনা তা ছবি মুক্তির পর আগামী দিনই বলতে পারে। দর্শকদের বহু বছরের অপেক্ষার অবসানে-আবারও বড় পর্দায় তাদের প্রিয় জুটি দেব-শুভশ্রী। যদিও দশ বছরেরও বেশি সময় আগে দেব-শুভশ্রী জুটির শুটিং হয়ে যাওয়া ছবি 'ধুমকেতু' মুক্তি পেয়েছিল মাত্র মাস কয়েক আগে। কিন্তু দেব-শুভশ্রী জুটির নস্টালজিক রোমান্টিক দৃশ্যগুলি খুবই স্বল্প পরিসরে থাকার দরুন, হয়তো দর্শকদের মন ভরেনি। তাই শারদোৎসবের প্রাক্কালে বাংলা সিনেমার এই নস্টালজিক জুটির ভক্তকূলেরা, এই ছবির মুক্তির অপেক্ষায় নস্টালজিয়ার জ্বরে আচ্ছন্ন। সম্প্রতি মুক্তি পেয়েছে এই ছবির অফিসিয়াল টিজার। বাইকের উপর বসে থাকা দেব-শুভশ্রীর ঘনিষ্ঠ লুকস এ আপ্লুত দর্শককূল। গুরুপদ অধিকারী এবং দেব অধিকারীর উদ্যোগে 'দেব এন্টারটেইনমেন্ট ভেঞ্চারস লিমিটেড' এর ব্যানারে এই ছবির জন্য গল্প লিখেছেন দেব এবং নির্দেশনার মতো গুরুত্বপূর্ণ কাজটিও করেছেন দেব। 'তুমি কে? আমি যে দেব কে চিনতাম, তুমি তো সে নও।' সত্যিই এই দেব এখন অনেক বেশি ম্যাচিওর একজন মানুষ। অভিনেতা থেকে প্রযোজনা এবং প্রযোজনা থেকে এইবার ছবির নির্দেশনার মত গুরুত্বপূর্ণ দায়িত্ব তুলে নিয়েছেন নিজের কাঁধে, একের পর এক উত্তরণ ঘটিয়েই চলেছে তার ক্যারিয়ারে। পরিশ্রম এবং একনিষ্ঠ অধ্যবসায়ের মাধ্যমে যেন আকাশ ছুঁতে চাইছে দেব। সময়ের সাথে সাথে অভিনয়ের ক্ষেত্রে অনেক বেশি পরিণত হয়েছেন শুভশ্রীও। বিগত সময়ে তার বেশ কয়েকটি মুক্তিপ্রাপ্ত ছবিতে অভিনয়ের ক্ষেত্রে তিনি সে প্রমাণ দিয়েছেন। বহু দীর্ঘ সময়ের অবসানে আজ আবারও একসাথে জুটি বেঁধে বাংলা ছবির সিনে-দর্শকদের নস্টালজিয়ায় ভাসিয়ে নিয়ে গেছেন এই দুই তারকা। ছবির টিজারে প্রকাশ পেয়েছে আরও এক স্বনামধন্য অভিনেতা অনির্বাণ ভট্টাচার্যের লুকস। এছাড়াও এই ছবিতে অভিনয় করেছেন-প্রিয়াঙ্কা সরকার, রজতাভ দত্ত, অপরাজিতা আঢ্য, পার্থ সারথি চক্রবর্তী, লোকনাথ দে, কাঞ্চন মল্লিক, প্রদীপ ভট্টাচার্য প্রমূখ। ছবির সংলাপ এবং চিত্রনাট্য রচনা করেছেন সম্রাট শর্মা, রোহিত, সৌম্য এবং দেব অধিকারী। অফিসিয়াল টিজারে প্রকাশিত অংশে ছবির দৃশ্যায়নে এবং কালার গ্রেডিংয়ে নজর কেড়েছেন এ ছবির ডিওপি শুভঙ্কর ভড়। আবহ এবং সংগীতের দায়িত্বে আছেন স্যাভি এবং নিলায়ন চ্যাটার্জী। এই ছবির টিজারে প্রকাশিত অংশের মারকাটারি অ্যাকশন দৃশ্যগুলিও দেবভক্ত সিনেমাপ্রেমীদের মধ্যে যথেষ্ট আগ্রহ এবং উন্মাদনা সৃষ্টি করেছে। ছবির একটি সংলাপ এখন স্লোগান হয়ে তাদের মুখে মুখে- 'শিরায় শিরায় রক্ত, আমি দেবের ভক্ত'। এখন দেখা যাক ছবির টিজার মুক্তির সপ্তাহ ছয়েক পর বাংলা ছবি 'দেশু-৭' বক্স অফিসে কতটা সাড়া ফেলতে পারে।



# সমাজের বাধা পেরিয়ে ভালোবাসার গল্প 'আমাদের গল্পটা'

**নিজস্ব প্রতিবেদন:** চেনা ছকের বাইরে এক অন্যরকম প্রেমের গল্প নিয়ে আসছে নতুন ছবি 'আমাদের গল্পটা'। ব্যস্ত কলকাতার আবহে দুই তরুণ রুদ্র ও অয়নের বন্ধুত্ব ধীরে ধীরে রূপ নেয় গভীর ভালোবাসায়। কিন্তু সমাজের কটূক্তি ও সোশ্যাল মিডিয়ার বিদ্রুপ সেই সম্পর্কের সামনে হয়ে দাঁড়ায় বড় বাধা। নিজের অনুভূতিকে সম্মান করা এবং ভালোবাসার মানুষটির পাশে দাঁড়ানোর সাহস;এই ভাবনাকেই ছবির মূল সুর হিসেবে তুলে ধরতে চেয়েছেন নির্মাতারা। তাঁদের কথায়, 'আমাদের গল্পটা' শুধু প্রেমের গল্প নয়, নিজের মতো করে বাঁচার অধিকার এবং ভালোবাসার প্রতি বিশ্বাসের এক আবেগঘন কাহিনি। ছবির কাহিনি, চিত্রনাট্য ও সংলাপ লিখেছেন শ্রীদাস।

পরিচালনায় রয়েছেন শ্রীদাস ও প্রলয় সেনগুপ্ত। বহুদিন পর এই ছবির হাত ধরেই অভিনয়ে ফিরছেন চলচ্চিত্র পরিচালক শ্রীদাস। চিত্রগ্রহণে সজল রায়, সম্পাদনায় বিশাল বিশ্বাস এবং মেকআপে সুমিত সুপু। ছবিতে অভিনয় করছেন শ্রী ও রিতম।

